# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**

e-mail: dmrbbd@gmail.com

Magh 18, 1430 Bangla, February 01, 2024, Thursday, No. 32, 54th year

# H I G H L I G H T S

PM Sheikh Hasina says, BD & Saudi Arabia share a rich & longstanding historical relationship rooted in religious, cultural & economic bonds. Both countries express keenness to take the existing bilateral relation to a new height. (VOA : 08)

Claiming that BNP's black flag procession is illegal, AL GS says, government will not sit idle if BNP's "freestyle programmes" are held on the city streets without taking permission. (VOA : 08)

Foreign Minister says, the big leaders of BNP are the crows of politics. Adds, they have not yet come out of the politics of murder. They are spreading misinformation at home & abroad. (R. Today: 12)

BNP SJSG Ruhul Kabir Rizvi says, corruption may exist more or less all over the world but the stigma of Awami corruption is not known anywhere else. (R. Today: 13)

The US again states that the elections in BD were not free and fair. At same time, the country urges BD govt. to ensure a transparent legal process for thousands of arrested opposition leaders & activists. (R. Today: 12)

Russian ambassador to BD says that Russia did not interfere in the elections or any internal affairs of Bangladesh. He claims, BNP's complaint is not correct. (R. Tehran: 10)

According to National Heart Foundation of Bangladesh, 3 crore 78 lakh adults use tobacco in Bangladesh. About 161,000 people die every year due to various diseases related to tobacco. (R. Today: 12)

The owners think that garment industry, the main export sector, will suffer due to the sudden decision to phase out cash incentives or subsidies to the export of goods. (DW : 10)

China's move to build a multi-purpose barrage on BD side of Teesta river has stalled due to India's objections. It will not be easy for BD to take forward the project with China in face of India's objection. (BBC: 04)

In the midst of the ongoing war between Israel & Hamas, there has been a lot of criticism on social media about how Israel was added to a textbook in Bangladesh without giving the name of Palestine. (BBC: 03)

Fierce fighting between Arakan Army & soldiers of Myanmar in Rakhine has increased fear among people living on border of Cox's Bazar & Bandarban. (R. Tehran: 09)

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**মাঘ ১৮, বাংলা ১৪৩০, ফেব্রুয়ারি ০১, ২০২৪, বৃহস্পতিবার, নং- ৩২, ৫৪তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশ ও সৌদি আরবের মধ্যে একটি সমৃদ্ধ ও দীর্ঘস্থায়ী ঐতিহাসিক সম্পর্ক রয়েছে, যার মূলে রয়েছে ধর্মীয়, সাংস্কৃতিক ও অর্থনৈতিক বন্ধন। দুই দেশের মধ্যে বিদ্যমান চমৎকার সম্পর্ক আরো উচ্চপর্যায়ে নিয়ে যেতে গভীর আগ্রহ প্রকাশ করেছে বাংলাদেশ ও সৌদি আরব। (ভোয়া : ০৮)

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন বলেছেন যে বিএনপির কালো পতাকা মিছিল অবৈধ। আর অনুমতি ছাড়া রাজপথে ফ্রি স্টাইল কর্মসূচি সরকার মেনে নেবে না বলেও উল্লেখ করেন তিনি। (ভোয়া: ০৮)

পররাষ্ট্রমন্ত্রী বলেছেন, বিএনপির বড় বড় নেতারাই হচ্ছে রাজনীতির কাক। তিনি বলেন, হত্যার রাজনীতি থেকে তারা এখনো বের হয়ে আসতে পারিনি। তারা দেশ-বিদেশে অপপ্রচার চালাচ্ছে। (রে. টুডে: ১২)

বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, দুর্নীতি হয়তো সারা বিশ্বেই কমবেশি থাকতে পারে কিন্তু বিশ্বব্যাপী আওয়ামী মার্কা দুর্নীতির কলঙ্ক তিলক আর কোথাও আছে বলে জানা নেই। (রে. টুডে : ১৩)

বাংলাদেশের নির্বাচন অবাধ ও সুষ্ঠু হয়নি বলে আবারও জানিয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। একইসঙ্গে আটককৃত হাজারো বিরোধী নেতাকর্মীর স্বচ্ছ আইনি প্রক্রিয়া নিশ্চিত করা আহ্বান জানিয়েছে দেশটি। (রে. টুডে: ১২)

রাশিয়ার রাষ্ট্রদূত বলেছেন নির্বাচন বা বাংলাদেশের অভ্যন্তরীণ কোনো বিষয়ই হস্তক্ষেপ করেনি রাশিয়া। বিএনপির অভিযোগ সঠিক নয় বলে তিনি দাবি করেন। (রে. তেহরান : ১০)

বাংলাদেশে ৩ কোটি ৭৮ লাখ প্রাপ্তবয়স্ক মানুষ তামাক ব্যবহার করে। আর তামাকজনিত বিভিন্ন রোগে প্রতিবছর বাংলাদেশ প্রায় ১ লাখ ৬১ হাজার মানুষের মৃত্যু হয় বলে জানিয়েছেন ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন অফ বাংলাদেশ। (রে. টুডে: ১২)

রপ্তানি খাতে নগদ সহায়তা তুলে দেয়ার আকস্মিক সিদ্ধান্তে রপ্তানির-প্রধান খাত পোশাক শিল্প সংকটে পড়বে বলে মনে করছেন মালিকরা। তারা বলছেন, তাদের সঙ্গে আলোচনা না করে এমন সিদ্ধান্ত নেয়ার পিছনে কোনো মহলের হাত থাকতে পারে। (ডয়চে ভেলে : ১০)

তিস্তা নদীতে বাংলাদেশ অংশে একটি বহুমুখী ব্যারেজ নির্মাণের জন্য চীন যে তৎপর হয়েছে, সেটি আটকে আছে ভারতের আপত্তির কারণে। ভারতের আপত্তির মুখে তিস্তা প্রকল্প চীনের সাথে এগিয়ে নেয়া বাংলাদেশের জন্য সহজ হবে না, এমনটাই মনে করেছেন অনেকে। (বিবিসি : ০৪)

ইসরায়েল-হামাসের চলমান যুদ্ধের মধ্যেই বাংলাদেশের একটি পাঠ্যপুস্তকে ফিলিস্তিনের নাম না দিয়ে ইসরায়েলকে কীভাবে যুক্ত করা হল, তা নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে তুমুল সমালোচনা চলছে। (বিবিসি : ০৩)

মিয়ানমারের রাখাইনে দেশটির সেনাবাহিনীর সঙ্গে আরাকান আর্মির তীব্র লড়াই আতঙ্ক বাড়ছে কক্সবাজার ও বান্দরবান সীমান্তে বসবাসকারীদের মাঝে। মিয়ানমার থেকে ছোঁড়া গুলির শব্দে নির্ঘুম রাত কাটছে তাদের। (রে. তেহরান : ০৯)

# বিবিসি

## পাঠ্য বইয়ের ভুল শোধরাতে যুক্ত হচ্ছে ফিলিস্তিন অধ্যায় ?

ইসরায়েল-হামাসের চলমান যুদ্ধের মধ্যেই বাংলাদেশের একটি পাঠ্যপুস্তকে ফিলিস্তিনের নাম না দিয়ে ইসরায়েলকে কীভাবে যুক্ত করা হল, তা নিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে তুমুল সমালোচনা চলছে। স্কুলপাঠ্য বইয়ে এ ধরনের ভুল নিয়ে ক্ষোভ প্রকাশ করতে দেখা যাচ্ছে অভিভাবক ও শিক্ষাবিদদেরও। এই পাঠ্যপুস্তক সম্পাদনার দায়িত্বে থাকা দুইজন ব্যক্তিই এই ভুলের বিষয়টি স্বীকার করেছেন। বিবিসি বাংলাকে তারা বলেছেন, এই ভুল সংশোধনের পাশাপাশি নতুন করে 'ফিলিস্তিন পরিচিতি' অধ্যায়ও যুক্ত করার সুপারিশও করবেন তারা। সম্পাদনা পরিষদের সদস্য আবুল মোমেন বিবিসি বাংলাকে বলেন, "ফিলিস্তিন রাষ্ট্রটি কীভাবে বঞ্চিত হয়েছে এটা ক্লিয়ার করে দেয়ার চেষ্টা থাকবে নবম শ্রেণির শিক্ষার্থীদের কাছে।„ এত পর্যবেক্ষণের পরও পাঠ্যপুস্তকে কেন এমন ভুল হল তা নিয়ে এরই মধ্যে তদন্ত কমিটি গঠন করেছে শিক্ষা মন্ত্রণালয়। তাদের রিপোর্টে লেখকদের গাফিলতির প্রমাণ পেলে ব্যবস্থা নেওয়ার কথা বলছে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)। পাঠ্যপুস্তক বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ফরহাদুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, "কমিটির রিপোর্টে ভুল প্রমাণিত হলে আমরা ওই পাতাগুলোকে কারেকশন করে সমস্ত জায়গায় পাঠিয়ে দিবো। তখন শ্রেণি শিক্ষকরা ওটা প্রতিস্থাপন করে দিবেন।„ শিক্ষাবিদরা বলছেন, এনসিটিবির চরম দায়িত্বহীনতার প্রমাণ এই ভুল। শুধু এবার নয়, বার বার এমন ভুলের প্রভাব পড়ছে কোমলমতি শিক্ষার্থীদের ওপর। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আর্ন্তজাতিক সম্পর্ক বিভাগের শিক্ষক অধ্যাপক তানজিম উদ্দিন খান বিবিসি বাংলাকে বলেন, "যে বই লক্ষ লক্ষ শিক্ষার্থী পড়বে, সে বই সম্পাদনার ক্ষেত্রে যে সচেতনতা থাকা উচিত, তা ছিল না। ভুল থাকার পরও বইগুলো শিক্ষার্থীদের হাতে পৌঁছে দেওয়া খুবই বিপদজনক। এটা একরকম দায়িত্বহীনতা„। বিতর্কটা প্রথম শুরু হয় নবম শ্রেণির পাঠ্য বইয়ের দাখিল-নবম শ্রেণির ইতিহাস ও সমাজ বিজ্ঞান বইয়ের একটি অধ্যায় নিয়ে। বইয়ের ১৪৯ পৃষ্ঠায় `মিলেমিশে নিরাপদে বসবাস, অধ্যায়ের `নগর বসতি, অংশে `জিওগ্রাফি অব টাউনস, নামে একটি অংশকে তুলে ধরা হয়। যেখানে বলা হয়েছে, প্রাচীন নগরের উৎপত্তি কোনও না কোনও নদী উপত্যকায় হয়েছিল। সেখানে আরও বলা হয়, "ইতিহাসবিদদের মতে নগরায়নের সর্বপ্রথম বিকাশ ঘটে দক্ষিণ-পশ্চিম এশিয়ার জর্ডান নদী উপত্যকায় অবস্থিত জেরিকো নামক স্থানে।" এই পরিচ্ছেদ শেষে প্রাচীন জেরিকো নগরের অবস্থান নিয়ে একটি মানচিত্র দেওয়া হয়। ওই মানচিত্রে জুডিয়া ও সামারা নামে দুটি জায়গার পরিচিতিও দেওয়া হয়েছে। বইয়ের এই জায়গাটি নিয়েই মূলত সমালোচনা তৈরি হয় সামাজিক যোগাযোগ মাধ্যমে। ফেসবুক ও অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যমের বিভিন্ন স্ট্যাটাসে বলা হচ্ছে, জুডিয়া ও সামারা নামদুটি সাধারণত ইসরায়েল ব্যবহার করে থাকে। মুসলিম বিশ্বে এ দুটো এলাকা পশ্চিম তীর নামে পরিচিত। ঐ মানচিত্রে বর্তমান ফিলিস্তিনের অংশ যে গাজা ভূখণ্ড, সেটিকে উল্লেখ করা হয়েছে `গাম্বিয়া, নামে। ফেসবুক স্টাটাসে কেউ কেউ অভিযোগ করে বলছেন, ইচ্ছাকৃতভাবে ইসরায়েলের নাম ব্যবহার করা হলেও সেখানে ফিলিস্তিনের নাম উল্লেখ করা হয়নি। তারা প্রশ্ন তুলছেন, বাংলাদেশ যেখানে এখনও ইসরায়েলকে স্বীকৃতি দেয়নি, সেখানে পাঠ্যবইয়ে সেই নামটি কীভাবে যুক্ত করা হল? এই সমালোচনা শুরুর পর পরই বিষয়টি নিয়ে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) চেয়ারম্যান অধ্যাপক ফরহাদ ইসলাম একটি প্রেস বিজ্ঞপ্তি পাঠান গণমাধ্যমে। যেখানে বলা হয়, "জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রণীত ২০২৪ সালের বইয়ের বস্তুনিষ্ঠ আলোচনা ও গভীর পর্যবেক্ষণে যে সকল বিষয় উঠে এসেছে তা আমরা গুরুত্বের সাথে বিবেচনা করছি।"

এই বিজ্ঞপ্তি সমালোচনাকে ইতিবাচক ধরে 'যৌক্তিকভাবে মূল্যায়ন করে' সংশোধনী আনার প্রস্তাব দিয়েছে। কিন্তু কোন বইয়ের কোন ভুলের কারণে এই বিজ্ঞপ্তি, সেটি নিয়ে স্পষ্ট করে কিছু বলা হয়নি। বুধবার বিবিসি বাংলা এ নিয়ে কথা বলে এনসিটিবি চেয়ারম্যান অধ্যাপক মো. ফরহাদুল ইসলামের সাথে। মি. ইসলাম বিবিসি বাংলাকে বলেন, "সামাজিক বিজ্ঞান বইয়ের যারা লেখক ছিলেন তারা যদি মনে করেন ভুল ছিল তাহলে এক ধরনের ব্যবস্থা হবে। আর লেখক যদি মনে করেন ভুল হয়নি, তাহলে আরেক ধরনের সিদ্ধান্ত নেওয়া হবে। সবাই বলবে এ ভুল ও ভুল, সব ভুল ভুল না। কমন চিন্তাধারায় ভুল পরিলক্ষিত হলে আমরা প্রয়োজনীয় সংশোধন দিয়ে দিবো", বলছিলেন মি. ইসলাম। এই বইটি সম্পাদনার দায়িত্বে ছিলেন একুশে পদকপ্রাপ্ত সাংবাদিক আবুল মোমেন ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক অধ্যাপক ড. আকসাদুল আলম। বইয়ের এই অংশে ভুলের বিষয়টি তারা দুজনই মানছেন। কিন্তু কেন ও কীভাবে এই ভুল হল, তা নিয়ে দুই ধরনের ব্যাখ্যা পাওয়া যাচ্ছে তাদের কাছ থেকে। অধ্যাপক ড. আকসাদুল আলম বিবিসি বাংলাকে বলেন, "এই বইয়ের ইতিহাস অংশ আমি দেখেছি ও লেখার সাথেও জড়িত ছিলাম। তবে সামাজিক বিজ্ঞান চ্যাপ্টারটা আমার দেখারও সুযোগ হয়নি। ইতিহাসের ছাত্র হিসেবে আমার কাছে মনে হয়েছে এই বইয়ে ভুল ম্যাপ ছাপা হয়েছে। আমার ধারণা কোনও কারণবশত ভুল ছাপা হয়েছে", বলছিলেন মি. আলম। বাংলাদেশে বেশ কয়েক বছর ধরে পাঠ্য বইয়ের ভুল নিয়ে নানা সমালোচনা দেখা যাচ্ছে। এ কারণে সাম্প্রতিক বছরগুলোতে যখনই কোনও পাঠ্য পুস্তক প্রকাশ করা হয়, তখন তা কয়েক ধাপে পর্যবেক্ষণ করা হয়। মি. আলম বলেন, "কমিটি দুইবার তিনবার এডিট করেছে। অনেকে রিভিউ করেছে ম্যাপগুলো বদলাতে হবে। বদলানোও হয়েছিল, শেষে কী করে এমন একটা ম্যাপ চলে আসলো, আমার

মনে হয় ভুল প্রিন্টিংয়ের সময় হয়ে গেছে। এখানে প্রাচীন নগরের কথা বলা হচ্ছে, অথচ নামগুলো সব আধুনিক দেশের। ম্যাপটাই তো ওইটার সাথে প্রাসঙ্গিক হচ্ছে না। নামগুলো তো আরো অনেক পরের কথা", বিবিসিকে বলছিলেন মি. আলম।

বইয়ের ইতিহাস অংশ, অর্থাৎ ম্যাপ ও যে অংশের ভুল নিয়ে এই সমালোচনা হচ্ছে সেটির দায়িত্বে ছিলেন সাংবাদিক আবুল মোমেন। বিবিসি বাংলাকে মি. মোমেন বলেন, "আমি যখন একটা মানচিত্র করব, তখন সেটা অথেনটিক হতে হবে। অথেনটিক করতে গেলে ইসরায়েল রাষ্ট্রটা আছে। তাহলে ইসরাইল রাষ্ট্রের পরিচিতি আমি যদি না দেই তাহলে লোকে সেটা বুঝবে কী করে? আসলে যে ম্যাপ এসেছিল আমাদের কাছে সেখানে কিন্তু গাজার জায়গায় গাজা-ই লেখা আছে। কিন্তু গাজা কিভাবে গাম্বিয়া হয়ে গেল এটি নিয়ে আমরাও বিস্মিত", মি. মোমেন। তিনি আরও বলেন, "গাম্বিয়া তো আফ্রিকার একটা দেশ। আমার ধারণা ইংরেজি থেকে বাংলা করার সময় যারা ইলাস্ট্রেটর, তাদের কারণেই এটি হয়েছে। এটি অবশ্যই বড় একটি ভুল।" চলতি বছরের জানুয়ারি মাসের মাঝামাঝি সপ্তম শ্রেণির বইয়ে ট্রান্সজেন্ডার ইস্যু নিয়ে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষকের বই ছিড়ে প্রতিবাদের ঘটনার পর নতুন করে পাঠ্য বইয়ের ভুলভ্রান্তি নিয়ে আলোচনা শুরু হয়। ঠিক এর পরপরই আলোচনায় আসে নবম শ্রেণির বইয়ের ইসরায়েল-ফিলিস্তিন ইস্যুটি। যুদ্ধবিধ্বস্ত ফিলিস্তিনের প্রতি বাংলাদেশের সাধারণ মানুষের এক ধরনের সমর্থন ও আবেগ কাজ করে। সম্ভবত এই কারণেই বিষয়টি নিয়ে সমালোচনার শুরুতেই বেশ তৎপরতা দেখা যাচ্ছে মন্ত্রণালয় ও পাঠ্যপুস্তক বোর্ডের। এনটিসিবি চেয়ারম্যান অধ্যাপক ফরহাদুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, "ইতোমধ্যে মন্ত্রণালয় থেকে একটি কমিটি গঠন করা হয়েছে। রিপোর্টের ভিত্তিতে মন্ত্রণালয় যে নির্দেশনা দিবে, সেই নিদের্শনা অনুযায়ী কাজ হবে।" তিনি জানান, "পাঠ্যপুস্তকের বড় কোনও ভুল ধরা পড়েনি। ভুলের বিষয়টি পুরোপুরি চিহ্নিত হওয়ার পর আমরা ওই পাতাগুলোকে কারেকশন করে সমস্ত জায়গায় পাঠিয়ে দিবো। তখন শ্রেণি-শিক্ষকরা ওটা প্রতিস্থাপন করে দিবেন বইয়ের আগের জায়গায়।"

সম্পাদনা পরিষদের সদস্য অধ্যাপক ড. আকসাদুল আলম বিবিসি বাংলাকে বলেন, "আমাদেরকে যদি ডাকা হয়, তখন আমরা বলব ঠিক কী হয়েছে। তখন বিশেষজ্ঞদের মতামত নিয়ে অনেক তথ্যই সংশোধন করা হবে।" তবে এটি নিয়ে যে এক ধরনের সংকট তৈরি হয়েছে তা মানছেন সম্পাদনা পরিষদের সদস্য আবুল মোমেন। এ জন্য যত দ্রুত সম্ভব সংশোধন করার পাশাপাশি নতুন একটি সুপারিশও তিনি দেবেন বলে জানাচ্ছেন। বিবিসি বাংলাকে মি. মোমেন বলেন, "ইসরায়েল রাষ্ট্র অরিজিনালি ছিলো প্যালেস্টাইন। কীভাবে এর উৎপত্তি হল, এটা নিয়ে একটা অধ্যায় আমরা যোগ করতে পারি। নতুন একটা লেখা দিয়ে এই ইতিহাসটা যোগ করতে পারি, এটাই আমার সুপারিশ থাকবে। ফিলিস্তিন যে বঞ্চিত হয়েছে এটা ওদের কাছে ক্লিয়ার করে দেওয়া দরকার", বলেন তিনি। বিভিন্ন গণমাধ্যমের খবরে বলা হচ্ছে গত বছর পাঠ্যপুস্তকে চারশোর অধিক ভুলভ্রান্তি সংশোধন করা হয়েছে। দুটি বই প্রত্যাহারও করা হয়েছে, যেখানে খরচ হয়েছে ২৩ কোটি টাকা। এ বছর সরকার ৩ কোটি ৮১ লাখ ২৮ হাজার ৩২৪জন শিক্ষার্থীর মধ্যে প্রায় ৩০ কোটি ৭০ লাখ ৮৩ হাজার ৫১৭ কপি নতুন বই বিতরণ করেছে, যার ব্যয় দেখানো হয়েছে ১৪০০ কোটি টাকা।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষা গবেষক নাসরিন সুলতানা বিবিসি বাংলাকে বলেন, "তাড়াহুড়ো করে নতুন নতুন পাঠ্য বই আনা হচ্ছে। প্রতিটি পাঠ্য বইয়েই কোনও না কোনও ভুল পাওয়া যাচ্ছে। বাচ্চারা তো গিনিপিগ না। শিশুদের ওপর পরীক্ষা চালানো হচ্ছে।„ ঢাকা বিশ্ববিদ্যালয়ের আর্ন্তজাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক তানজিম উদ্দিন খান বিবিসি বাংলাকে বলেন, "যারা নীতি নির্ধারণ ও তার বাস্তবায়নে আছেন তাদের সাধারণ মানুষের প্রতি দায়বদ্ধতা খুবই দুর্বল। এই ধরনের ভুল থাকার পরও বইগুলো শিক্ষার্থীদের হাতে পৌঁছে দেওয়া খুবই বিপদজনক।" তিনি আরও বলেন, "সরকার পরিচালনায় যারা আছেন তাদের প্রজন্ম ও মানুষের প্রতি কোনও দায় যে নেই, এই ভুলগুলোর মধ্যে দিয়ে তারা সেই উদাহরণগুলোই তৈরি করছেন। এগুলো মেনে নেওয়া সত্যিই কঠিন।"

(বিবিসি ওয়েব পেজ :৩১.১.২৪ রিহাব)

## বাংলাদেশের যে প্রকল্প চীনের পছন্দ হলেও ভারতের আপত্তি

তিস্তা নদীতে বাংলাদেশ অংশে একটি বহুমুখী ব্যারেজ নির্মাণের জন্য চীন যে তৎপর হয়েছে, সেটি আটকে আছে ভারতের আপত্তির কারণে। শেখ হাসিনার সরকার টানা চতুর্থ মেয়াদে ক্ষমতায় আসার পর ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত প্রকল্পটির ব্যাপারে আবারো আগ্রহ প্রকাশ করেছেন। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের দুই সপ্তাহ আগে ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত বলেছিলেন, নির্বাচনের পর তিস্তা প্রকল্পের কাজ শুরু হবার বিষয়ে তিনি আশাবাদী। নির্বাচনের পরে চীনের রাষ্ট্রদূত তার সেই আগ্রহ চাপা রাখেননি। পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদের সাথে এক বৈঠকের পর রাষ্ট্রদূত সাংবাদিকদের বলেন, বাংলাদেশ চাইলে তিস্তা প্রকল্পের কাজ শুরু করার বিষয়ে তৈরি আছে চীন। তিনি বলেছেন, বাংলাদেশের দিক থেকে প্রকল্পের প্রস্তাব পেলে চীন সহযোগিতা দেবে। কিন্তু তিস্তা নদীর উপর এ প্রকল্প নিয়ে ভারত এবং চীন পরস্পরবিরোধী অবস্থানে রয়েছে। পর্যবেক্ষকদের অনেককেই ধারণা করেন, ভারতের আপত্তির কারণেই চীনের সাথে এ প্রকল্প নিয়ে এগুতে পারছে না বাংলাদেশ। মোদ্দা কথা হচ্ছে – তিস্তা ব্যারেজ প্রকল্প ভূ-রাজনীতির

একটি গুরুত্বপূর্ণ বিষয় হয়ে দাঁড়িয়েছে। পর্যবেক্ষকদের অনেকে মনে করেন, তিস্তা নিয়ে চীনের আগ্রহ মূলত কৌশলগত। এ প্রকল্পটিকে চীন ভূ-রাজনৈতিকভাবে অত্যন্ত গুরুত্বপূর্ণ হিসেবে বিবেচনা করে।

হিমালয়ে উৎপত্তির পর তিস্তা নদী ভারতের সিকিম এবং পশ্চিমবঙ্গের ভেতর দিয়ে প্রবাহিত হয়ে বাংলাদেশে প্রবেশ করেছে। দুই দেশের অর্থনীতির জন্যই এ নদী বেশ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তিস্তা প্রকল্প নিয়ে চীনের আগ্রহী হয়ে ওঠার বড় কারণ হচ্ছে তাদের `বেল্ট এন্ড রোড ইনিশিয়েটিভ, বা বিআরআই প্রজেক্ট। বিআরআই প্রকল্পের মাধ্যমে চীন এশিয়া, ইউরোপ এবং আফ্রিকা মহাদেশকে একই সুতোয় গাঁথতে চাইছে। চীনের বিআরআই প্রকল্পের আওতাধীন বাংলাদেশ-চীন-ভারত-মিয়ানমার অর্থনৈতিক করিডোর। প্রস্তাবিত এই করিডোরের মাধ্যমে চীন তাদের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ইউনান প্রদেশকে মিয়ানমার এবং বাংলাদেশের মাধ্যমে ভারতের পশ্চিমবঙ্গের সাথে যুক্ত করতে চায়। এজন্য তিস্তা বহুমুখী প্রকল্পকে চীন অত্যন্ত গুরুত্বপূর্ণ হিসেবে বিবেচনা করে। ভারতের গবেষণা সংস্থা অবজারভার রিসার্চ ফাউন্ডেশনের গবেষক অনুসূয়া বসু রায়চৌধুরী বিবিসি বাংলাকে বলেন, চীন প্রথম যেভাবে 'বেল্ট এন্ড রোড ইনিশিয়েটিভ' করতে চেয়েছিল সেখানে থেকে পরিস্থিতি এখন অনেক বদলেছে। বিগত বছরগুলোতে ভারত ও চীনের সম্পর্ক নানা চড়াই-উতরাইয়ের ভেতর দিয়ে গেছে এবং যাচ্ছে। "অন্য কোনোভাবে এই করিডোরগুলো বা এই ধরনের কানেক্টিভিটি প্ল্যানগুলো চরিতার্থ করা যায় কি না সেটা অবশ্যই চীনের উদ্দেশ্য তো থাকবেই," বলছিলেন অনুসূয়া বসু রায় চৌধুরী।

তবে এ নিয়ে ভিন্নমতও আছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্কের অধ্যাপক ইমতিয়াজ আহমেদ ভারতের সিকিম হয়ে বাংলাদেশ পর্যন্ত তিস্তার অববাহিকা ঘুরে দেখেছেন। অধ্যাপক আহমেদ মনে করেন, তিস্তা ব্যারেজ প্রকল্প নিয়ে চীনের আগ্রহ এখানে গৌণ এবং তাদের কোনো ভূ-রাজনৈতিক স্বার্থও জড়িত নেই। অধ্যাপক আহমেদ বলেন, "তিস্তা নদীতে এটি বাংলাদেশের প্রকল্প, এটি চীনের কোনো প্রকল্প নয়। চীন শুধু এখানে অর্থায়ন করতে রাজি হয়েছে। কারণ অন্যরা সে অর্থ দিতে পারছে না।" তিস্তা নদীর পানি বণ্টন নিয়ে ভারত যেহেতু বাংলাদেশের সাথে চুক্তি করতে পারছে না, সেজন্য এর বিকল্প একটি সমাধান খুঁজছে বাংলাদেশ। এজন্য তিস্তা প্রকল্প সামনে এনেছিল বাংলাদেশ, এ প্রকল্প চীনের ভাবনা থেকে আসেনি। এটা বাংলাদেশি বিশেষজ্ঞদের চিন্তা থেকে এসেছিল - বলে উল্লেখ করেন অধ্যাপক আহমেদ। বাংলাদেশের অংশ তিস্তা নদীর অববাহিকায় উত্তরাঞ্চলের প্রায় দুই কোটি মানুষের কৃষি ও মৎস্যসহ নানা ধরনের কর্মকাণ্ড জড়িত।

তিস্তা প্রকল্পের সাথে চীনের বেল্ট এন্ড রোড ইনিশিয়েটিভের সম্পর্কের বিষয়টি পরিষ্কার নয় অধ্যাপক আহমেদের কাছে। তিনি বলেন, "কলকাতার সাথে সংযোগের বিষয়টি পদ্মা সেতুর মাধ্যমে ইতোমধ্যে প্রতিষ্ঠিত হয়েছে। সেক্ষেত্রে তিস্তা প্রকল্পের মাধ্যমে সংযোগ কীভাবে হবে," এমন প্রশ্ন তুলছেন অধ্যাপক আহমেদ। তিনি মনে করেন, যারা প্রবলভাবে ভারত কিংবা চীন বিরোধী তারা এসব কথা বলছে। তিস্তা প্রকল্প নিয়ে চীনের আগ্রহকে ভারত বরাবরই সন্দেহের চোখে দেখে এসেছে। ভারত মনে করে, চীন তাদের বেল্ট এন্ড রোড ইনিশিয়েটিভের মাধ্যমে ভারতকে চারপাশ থেকে ঘিরে ফেলতে চায়। ভারতের গবেষণা সংস্থা অবজারভার রিসার্চ ফাউন্ডেশনের অনুসূয়া বসু রায়চৌধুরী বিবিসি বাংলাকে বলেন, তিস্তা প্রকল্পের যে ভূ-রাজনৈতিক গুরুত্ব রয়েছে সেটি অস্বীকার করা যাবে না। তিনি বলেন, ভূ-কৌশলগতভাবে গুরুত্ব বহন করে এমন সব প্রকল্প নিয়ে দক্ষিণ এশিয়ার বিভিন্ন দেশে চীন 'অতিরিক্ত আগ্রহ' প্রকাশ করে। চীন চায় তাদের উপস্থিতি জোরালো করতে। তাছাড়া ভারতের পশ্চিমবঙ্গের জন্য তিস্তা নদীর পানি অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিস্তা প্রকল্পের আওতায় আছে – নদী খনন করে গভীরতা বাড়ানো, সারা বছর নৌ চলাচলের ব্যবস্থা করা, নদীর দুই তীরে স্যাটেলাইট শহর নির্মাণ। এ প্রকল্প নিয়ে ভারতের আপত্তির বেশ কিছু কারণ থাকতে পারে বলে মনে করেন পর্যবেক্ষকরা। প্রথমত: ভারত যদি এই প্রকল্পকে স্বাগত জানায়, তাহলে এখানে জড়িত হওয়ার ক্ষেত্রে ভারতের বাধ্যবাধকতা তৈরি হতে পারে এবং সেক্ষত্রে তাদের বিনিয়োগের প্রশ্ন উঠতে পারে। "এরকম একটা প্রকল্প ঝুলিয়ে রাখা ভালো। সেক্ষেত্রে তারা বাংলাদেশের উপর চাপ বজায় রাখতে পারে," বলছিলেন অধ্যাপক ইমতিয়াজ আহমেদ। তিনি মনে করেন, তিস্তা ইস্যু সমাধান হয়ে গেলে বাংলাদেশের উপর ভারতের যে প্রভাব, সেটা আর থাকবে না। অন্যান্য অভিন্ন নদীর পানির ক্ষেত্রে বাংলাদেশ তখন আর ভারতের দিকে তাকিয়ে থাকবে না।

তিস্তা প্রকল্প বাস্তবায়ন হলে নদীর দুই পাশে শহর গড়ে উঠবে, নদী শাসন হবে এবং নদীর নাব্যতা থাকবে। ফলে পুরো এলাকায় ব্যাপক পরিবর্তন আসবে এবং দুই কোটি মানুষের জীবনও বদলে যাবে। এর ফলে সেখানে চীনের প্রতি ইতিবাচক মনোভাব তৈরির পাশাপাশি ভারত-বিরোধী মনোভাব আরো প্রবল হবে - বিষয়টিকে এভাবে ব্যাখ্যা করেছেন অধ্যাপক আহমেদ। শেখ হাসিনার সরকারের সাথে ২০০৯ সাল থেকে ভারতের সম্পর্ক বেশ ভালো থাকলেও দেশটিতে চীনের প্রভাব বাড়ছে বলে ভারতের ভেতরে অনেকে মনে করেন। বিষয়টি নিয়ে ভারতের মধ্যে এক ধরনের অস্বস্তিও আছে। এর আগে ২০২২ সালে ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত যখন তিস্তা নদীতে সম্ভাব্য প্রকল্প এলাকা পরিদর্শন করেছিলেন, তখন বিষয়টি নিয়ে বেশ সতর্ক হয়েছিল ভারত। ব্যাপরটিকে তারা ভালো নজরে দেখেনি। এ নিয়ে তখন ভারতের বিভিন্ন পত্রপত্রিকায় নানা ধরনের রিপোর্ট ও বিশ্লেষণ প্রকাশিত হয়েছিল। তখন ভারতের দ্য

টেলিগ্রাফ পত্রিকা লিখেছিল, শেখ হাসিনা যদিও বলেছেন যে নরেন্দ্র মোদীর নেতৃত্বে তিস্তা নদীর পানি বণ্টন নিয়ে তিনি আত্মবিশ্বাসী, তারপরও পানি সমস্যার সমাধান করার জন্য তিনি বিকল্প উপায়ও চিন্তা করছেন। দ্য টেলিগ্রাফ আরো লিখেছিল - তিস্তা প্রকল্প নিয়ে ভারতের কৌশলগত উদ্বেগও রয়েছে। এই প্রকল্প বাস্তবায়ন হলে বাংলাদেশ-ভারত সীমান্তের ১০০ কিলোমিটারের মধ্যে চীনের জোরালো উপস্থিতি থাকবে। কারণ এর কাছাকাছি ভারতের উত্তরবঙ্গে 'চিকেন নেক' বা কম প্রশস্তের জায়গা রয়েছে। এর মাধ্যমে ভারতের উত্তর-পূর্বাঞ্চলের সাথে বাকি দেশের সংযোগ রয়েছে। এতো কাছাকাছি চীনের অবস্থান থাকলে সেটি ভারতের নিরাপত্তার জন্য উদ্বেগ তৈরি হতে পারে বলে অনেকে মনে করেন।

গবেষক অনুসূয়া বসু রায় চৌধুরী বলেন, যে জায়গাটিতে চীন তিস্তা প্রকল্প বাস্তবায়ন করতে চাইছে, সেটি ভারতের স্পর্শকাতর এলাকার খুব কাছাকাছি। "এটা সীমান্তের কাছাকাছি শুধু তাই নয়; শিলিগুড়ি করিডোর ভারতের জন্য কৌশলগতভাবে খুব গুরুত্বপূর্ণ। পশ্চিমবঙ্গের সাথে উত্তর-পূর্ব রাজ্যগুলির সংযোগ স্থাপন করেছে এই শিলিগুড়ি করিডোর। সেজন্য এই জায়গা খুবই সংবেদনশীল," বলছিলেন অনুসূয়া বসু রায়চৌধুরী। ভারতের সাবেক ডেপুটি ন্যাশনাল সিকিউরিটি অ্যাডভাইজর এবং বাংলাদেশে নিযুক্ত ভারতের সাবেক হাইকমিশনার পঙ্কজ সরণ সম্প্রতি এক নিবন্ধে বাংলাদেশে চীনের প্রভাব বৃদ্ধির বিষয়টি উল্লেখ করেছেন। 'বাংলাদেশ ইলেকশনস অ্যান্ড ইটস আফটারম্যাথ' শিরোনামে সে নিবন্ধে পঙ্কজ সরণ উল্লেখ করেছেন, বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'সকলের সাথে বন্ধুত্ব, কারো সাথে শত্রুতা নয়' নীতি অনুসরণ করেছেন। যদিও চীনের দিকে প্রবলভাবে ঝুঁকে যাওয়া এবং আমেরিকার সাথে শীতল সম্পর্ক তৈরি হবার বিষয়টিতে সে নীতি ফুঁটে ওঠেনি। পঙ্কজ সরণ আরো লিখেছেন, শেখ হাসিনার এবারের মেয়াদে চীনের ওপর নির্ভরতা কমিয়ে পশ্চিমের সাথে দূরত্ব কমিয়ে সে সম্পর্ককে উল্টোভাবে চিন্তা করার সুযোগ রয়েছে। এ থেকে বোঝা যাচ্ছে, ভারতের আপত্তির মুখে তিস্তা প্রকল্প চীনের সাথে এগিয়ে নেয়া বাংলাদেশের জন্য সহজ হবে না। এমনটাই মনে করেছেন অনেকে। (বিবিসি ওয়েব পেজ :৩১.১.২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### বাংলাদেশে গ্রেফতার ব্যক্তিদের স্বচ্ছ আইনি প্রক্রিয়া নিশ্চিত করতে আহ্বান জানিয়েছে যুক্তরাষ্ট্র

গ্রেফতার ব্যক্তিদের জন্য সুষ্ঠু ও স্বচ্ছ আইনি প্রক্রিয়া নিশ্চিত করতে বাংলাদেশ সরকারের প্রতি আহ্বান জানিয়েছে যুক্তরাষ্ট্র। মঙ্গলবার (৩০ জানুয়ারি) ওয়াশিংটনে নিয়মিত ব্রিফিংয়ে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র ম্যাথিউ মিলার এ কথা জানান। তিনি সাংবাদিকদের বলেন, "সেই দৃষ্টিকোণকে এগিয়ে নিতে আমরা বাংলাদেশ সরকারের সঙ্গে যোগাযোগ অব্যাহত রাখব।„ ম্যাথিউ মিলার এ সময় জানান যে বিরোধী দলের সদস্য, গণমাধ্যম পেশাজীবী ও সুশীল সমাজের প্রতিনিধিদের দেশের গণতান্ত্রিক প্রক্রিয়া ও নাগরিক জীবনে অর্থবহ অংশগ্রহণের সুযোগ দিতে বাংলাদেশ সরকারের প্রতি আহ্বান জানানো হয়েছে। যুক্তরাষ্ট্র পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র বলেন, বাংলাদেশের জাতীয় নির্বাচন যে `অবাধ ও সুষ্ঠু, হয়েছে এমনটা দেখা যায়নি। নির্বাচনকে কেন্দ্র করে বিরোধী রাজনৈতিক সদস্যদের গ্রেফতার নিয়ে উদ্বেগ প্রকাশ করা হয়েছে ব্রিফিংয়ে।

মিলার বলেন, "গণতান্ত্রিক নীতিকে এগিয়ে নিতে যুক্তরাষ্ট্র বাংলাদেশ সরকারের সঙ্গে যোগাযোগ অব্যাহত রাখবে, যা সকল বাংলাদেশির জন্য শান্তি ও সমৃদ্ধি নিশ্চিত করার চাবিকাঠি।„ (ভোয়া ওয়েব পেজ : ০১.০২.২০২৪ নারগীস)

### নূরুদ্দিন জাহাঙ্গীরের বাংলা অ্যাকাডেমি পুরস্কার বাতিলের দাবি

মেধাস্বত্ব চুরির অভিযোগ তুলে নূরুদ্দিন জাহাঙ্গীর ওরফে ড. জাহাঙ্গীর আলমের বাংলা অ্যাকাডেমি পুরষ্কার বাতিলের দাবি জানিয়েছেন চলচ্চিত্র পরিচালক-চিত্রনাট্যকার, বিলডাকিনি চিত্রনাট্যের স্বত্ত্বাধিকারী মনজুরুল ইসলাম মেঘ। বুধবার (৩১জানুয়ারি) শাহবাগে এক অবস্থান কর্মসূচি থেকে এই দাবি জানিয়েছেন তিনি। মনজুরুল ইসলাম বলেন, "এ বিষয়ে আগামী ৪ ফেব্রুয়ারি বাংলা অ্যাকাডেমিতে স্মারকলিপি দেবো। আর ৬ ফেব্রুয়ারি বাংলা অ্যাকাডেমির সামনে অবস্থান কর্মসূচি পালন করব। "এরপরও ব্যবস্থা গ্রহণ না করা হলে, ১০ তারিখ থেকে দাবি আদায় না হওয়া পর্যন্ত বাংলা অ্যাকাডেমি ও বইমেলার সামনে লাগাতার আমরণ অনশন করব;„ যোগ করেন মনজুরুল ইসলাম মেঘ।

অবস্থান কর্মসূচিতে উপস্থিত ছিলেন মুক্তিযোদ্ধা সংসদ সন্তান কমান্ডের সভাপতি ও মুক্তিযুদ্ধ প্রজন্মের চেয়ারম্যান মেহেদী হাসান এবং গণতন্ত্রী পার্টির যুগ্ম সম্পাদক অ্যাডভোকেট ফুয়াদ হোসেন। মনজুরুল ইসলাম মেঘ জানান, ২০১৯-২০২০ অর্থ বছরে সরকারি অনুদানপ্রাপ্ত চলচ্চিত্র `বিলডাকিনি, চিত্রনাট্য তার লেখা। তিনি আরো জানান, "অনুদানের গেজেট প্রকাশিত হয়েছে এবং অনুদানপ্রাপ্ত চিত্রনাট্য আমার নামে কপিরাইট অধিদপ্তরে নিবন্ধিত হয়েছে। তারপরও চিত্রনাট্য চুরি করে অতিরিক্ত সচিব নূরুদ্দিন জাহাঙ্গীর ওরফে ড. জাহাঙ্গীর আলম আংশিক পরিবর্তন করে আমার নাম বাদ দিয়ে নিজের নামে চালিয়েছেন।„

মনজুরুল ইসলাম মেঘ আরো বলেন, "আমার লেখা চিত্রনাট্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে সংরক্ষিত আছে এবং বাংলাদেশ কপিরাইট অধিদপ্তরে নিবন্ধিত হয়ে সনদ গ্রহণ করেছি। কপিরাইট নিবন্ধন নম্বর হলো সিআরএল-২৩৪৫৮।„

তিনি অভিযোগ করেন, ”জাল-জালিয়াতি ও ক্ষমতার অপব্যবহার করে ড. জাহাঙ্গীর আলম বিলডাকিনি চলচ্চিত্রের পরিচালকের পদ থেকে মেঘকে অবৈধভাবে বঞ্চিত করেছে। একই সঙ্গে ফজলুল কবীর তুহিন-কে দিয়ে বিলডাকিনি ও গাংকুমারী নামে দুটি সিনেমা নির্মাণ করেছেন ড. জাহাঙ্গীর আলম; যা চলচ্চিত্র অনুদান আইনবিরোধী, অসাংবিধানিক এবং রাষ্ট্রবিরোধী অপরাধ;„ বলেন মেঘ। তিনি আরো বলেন, নূরুদ্দিন জাহাঙ্গীর সরকারি অর্থ আত্মসাতের জন্য নিজের স্ত্রী খাতিজা বেগম মিতাকে বিলডাকিনি চলচ্চিত্রের নির্বাহী প্রযোজক এবং তার ঘনিষ্ঠবন্ধু আব্দুল মমিন খানকে প্রযোজক বানিয়েছেন। ”নূরুদ্দিন জাহাঙ্গীর আমার কাছ থেকে চিত্রনাট্য নেয়ার সময় বলেছিলেন, একজন পেশাদার চলচ্চিত্র প্রযোজককে দিয়ে সিনেমা প্রযোজনা করাবেন। কিন্তু অনুদানের গেজেট প্রকাশের পর জানতে পারি তিনি আসলে চলচ্চিত্র প্রযোজক নন। আব্দুল মমিন খান চলচ্চিত্র প্রযোজনা প্রতিষ্ঠান হিসেবে ডাটা সলিউশন নামের একটি প্রতিষ্ঠানের কাগজপত্র জমা দিয়েছেন, যা চলচ্চিত্র অনুদান পাওয়ার অযোগ্য প্রতিষ্ঠান;„ দাবি করেন মনজুরুল ইসলাম মেঘ। নূরুদ্দিনের বাংলা অ্যাকাডেমি পুরস্কার-২০২৩ বাতিল করে একটি নিরপেক্ষ কমিটি গঠনের মাধ্যমে অভিযোগ নিষ্পত্তির অনুরোধ জানান মেঘ। (ভোয়া ওয়েব পেজ : ০১.০২.২০২৪ নারগীস)

## অমর একুশে গ্রন্থমেলা শুরু হচ্ছে বৃহস্পতিবার

অমর একুশে গ্রন্থমেলা শুরু হচ্ছে বৃহস্পতিবার (১ ফেব্রয়ারি) থেকে। মাসব্যাপি এই বইমেলার সকল আয়োজন শেষ করেছে বাংলা অ্যাকাডেমি। মেলা উদ্‌বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গ্রন্থমেলা সামনে রেখে নেয়া হয়েছে ব্যাপক নিরাপত্তা প্রস্তুতি। প্রস্তুতির শেষ দিনের বিকেল বেলায়ও, সোহরাওয়ার্দী উদ্যানের মেলা প্রাঙ্গণ ও বাংলা অ্যাকাডেমি প্রাঙ্গণে চলছিলো স্টল ও প্যাভিলিয়নের সাজসজ্জার কাজ। প্রকাশকরা কাজ করে যাচ্ছেন নিরলসভাবে। কিছু স্টল ও প্যাভিলিয়ন সাদামাটাভাবে তৈরি করা হচ্ছে, কিছু স্টল বেশ জাঁকজমকপূর্ণ। প্রকাশকরা জানান, এবার পাঠক দর্শকদের বেশি উপস্থিতি প্রত্যাশা করছেন তারা।

উচ্ছ্বাস প্রকাশনীর স্বত্বাধিকারী আহমেদ মুনীর জানান, ”এবারের মেলায় আগের চেয়ে অনেক বেশি পাঠক দর্শকদের উপস্থিতি দেখা যাবে।„ মুনীর বলেন, যোগাযোগের উন্নতির কারণে তিনি এমন প্রত্যাশা করছেন। ”অনলাইন প্ল্যাটফর্মে পাঠক সংখ্যা উল্লেখযোগ্য বৃদ্ধি পেয়েছে বলে উল্লেখ করেন মুনীর। তিনি বলেন, ”এই প্রবণতা আমাদের জন্য বড় প্রত্যাশার জায়গা সৃষ্টি করেছে। মুনীর আরো বলেন, ”এটা ইঙ্গিত দেয়, এবারের বইমেলা আগের চেয়ে আরো ইন্টারেক্টিভ হবে।„

শিরীন পাবলিকেশন্সের কর্ণধার মামুন খান বলেন, ”বইমেলা আমাদের প্রাণের মেলা, প্রাণের উৎসব।„ তিনি জানান যে, পাঠকের আগ্রহ দিনদিন বাড়ছে। তাই এবার তার মেলা নিয়ে উচ্চাশা রয়েছে। প্রস্তুতি সম্পর্কে জানতে চাইলে চিলেকোঠা পাবলিকেশন স্বত্বাধিকারী ইসরাত জাহান বলেন, ”এ নিয়ে দ্বিতীয়বারের মতো মেলায় অংশ নিচ্ছি। বাংলা অ্যাকাডেমি ৩০ জানুয়ারির মধ্যে সব কাজ শেষ করার নির্দেশনা দিয়েছিল। আশা করি, উদ্‌বোধনের আগেই শেষ করতে পারব।„ গত ৩৪ বছর ধরে অমর একুশে গ্রন্থমেলার 'লেখক বলছি' মঞ্চ পরিচালনা করে আসছেন টিমুনী খান রীনো। এবারের মেলা নিয়ে আশাবাদ ব্যক্ত করেন তিনি। বলেন, ”আশা করি, লেখক-পাঠক, প্রকাশকসহ এবং আয়োজক কমিটি; সকলেই দায়িত্বশীলতার সঙ্গে কাজ করবেন।„ তিনি জানান যে লিটল-ম্যাগ ও শিশু চত্বরের জায়গা সঙ্কুচিত হয়েছে। নারী প্রকাশকের সংখ্যা দিন দিন বাড়ছে। ”নারী প্রকাশকদের জন্য একটি নির্দিষ্ট স্থান বরাদ্দ নিয়ে ভাবার সময় এসেছে;„ বলেন টিমুনী খান।

অমর একুশে গ্রন্থমেলা সামনে রেখে, সম্ভাব্য নাশকতামূলক কর্মকাণ্ড ও জঙ্গি হুমকি মোকাবেলায় ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে জানিয়েছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। বুধবার (৩১ জানুয়ারি) রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে, ডিএমপি কমিশনার বলেন, ”দর্শনার্থীরা যাতে কোনো ধরনের শঙ্কা ছাড়াই মেলা ঘুরে দেখতে পারেন সেজন্য আমরা একটি শক্তিশালী নিরাপত্তা কাঠামো গড়ে তুলেছি।„

বৃহস্পতিবার বিকাল ৩টায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা মাসব্যাপী এই আয়োজনের উদ্‌বোধন করবেন। মেলায় অংশগ্রহণকারীরা সোহরাওয়ার্দী উদ্যানের পাঁচটি নির্ধারিত গেট দিয়ে প্রবেশ ও বের হতে পারবেন। ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট হয়ে রয়েছে বিশেষ প্রবেশদ্বার। নিরাপত্তা বাড়াতে প্রতিটি প্রবেশ পথে আর্চওয়ে ও মেটাল ডিটেক্টর থাকবে বলে জানান ডিএমপি কমিশনার। মেলার নিরাপত্তায়, সাধারণ পুলিশের পাশাপাশি গোয়েন্দারা দায়িত্ব পালন করবে বলে জানিয়েছে ডিএমপি। এছাড়া, অপ্রত্যাশিত ঘটনা তদারকি এবং প্রতিরোধ করার জন্য অসংখ্য ওয়াচ টাওয়ার স্থাপন করা হয়েছে। পুরো মেলা এলাকা সার্বক্ষণিক সিসিটিভি ক্যামেরার অধীনে রয়েছে। মেলা সংলগ্ন এলাকায় বাড়তি টহল ইউনিটের ব্যবস্থা করেছে ডিএমপি। এছাড়া প্রস্তত থাকবে ডগ স্কোয়াড, সোয়াট টিম এবং বোম্ব ডিসপোজাল ইউনিট। এসব নিরাপত্তা ব্যবস্থার পাশাপাশি, নিখোঁজ শিশুদের জন্য একটি লস্ট অ্যান্ড ফাউন্ড সেন্টার, মায়েদের জন্য একটি নার্সিং সেন্টার, রক্তদান এবং মেলা প্রাঙ্গণে বিশুদ্ধ খাবার পানির সুবিধা নিশ্চিত করছে কর্তৃপক্ষ।

মেলা আয়োজন নিয়ে মঙ্গলবার (৩০ জানুয়ারি) বাংলা একাডেমি জানিয়েছে, অমর একুশে গ্রন্থমেলায় এবার প্রকাশনা সংস্থা বাড়ছে। সব মিলিয়ে ৬৩৫টি প্রতিষ্ঠান যোগ দিচ্ছে এবাবের মেলায়। গত বছরের মতো এবারো বইমেলার

প্রতিপাদ্য হলো; `পড়ো বই গড়ো দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ,। সংবাদ সম্মেলনে এবারের আয়োজনের বিস্তারিত তুলে ধরেন পরিচালনা কমিটির সদস্য-সচিব কে এম মুজাহিদুল ইসলাম। তিনি জানান, এ বছর ৬৩৫টি প্রতিষ্ঠানকে ৯৩৭টি ইউনিট বরাদ্দ দেয়া হয়েছে। এর মধ্যে একাডেমি প্রাঙ্গণে ১২০টি প্রতিষ্ঠানকে ১৭৩টি; আর সোহরাওয়ার্দী উদ্যান অংশে ৫১৫টি প্রতিষ্ঠানকে ৭৬৪টি ইউনিট বরাদ্দ দেয়া হয়েছে। গতবছরের অমর একুশে গ্রন্থমেলায় অংশ নিয়েছিলো ৬০১ প্রতিষ্ঠান। সেই হিসাব অনুযায়ী, এ বছর প্রকাশনা সংস্থা বেড়েছে ৩৪টি। এবারের মেলায় প্যাভিলিয়ন থাকবে ৩৭টি। এর মধ্যে, অ্যাকাডেমি প্রাঙ্গণে একটি এবং সোহরাওয়ার্দী উদ্যান অংশে ৩৬টি প্যাভিলিয়ন বরাদ্দ দেয়া হয়েছে।
(ভোয়া ওয়েব পেজ : ৩১.০১.২০২৪ নারগীস)

## 'বাংলাদেশের সঙ্গে কানেক্টিভিটির ব্যাপক প্রভাব রয়েছে উত্তর-পূর্ব ভারতে' : জয়শঙ্কর

বাংলাদেশের সঙ্গে ক্রমবর্ধমান কানেক্টিভিটি এবং উত্তর-পূর্ব ভারতে এর ব্যাপক প্রভাবের প্রশংসা করেছেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী ড. এস জয়শঙ্কর। মঙ্গলবার (৩০ জানুয়ারি) ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট মুম্বাই শাখা আয়োজিত এক আলোচনায় তিনি এ কথা বলেন। ”বাংলাদেশ, তাদের ইতিহাসে প্রথমবারের মতো, প্রকৃতপক্ষে ভারতীয়দের বাংলাদেশের মধ্যে দিয়ে যেতে এবং বাংলাদেশের বন্দর ব্যবহারের অনুমতি দিয়েছে;„ যোগ করেন এস জয়শঙ্কর। তিনি আরো বলেন, আসল কথা হলো ভারত এখন চট্টগ্রাম ও মোংলা বন্দর ব্যবহার করতে পারবে। বাংলাদেশের সঙ্গে বাস ও ট্রেনের মধ্যদিয়ে যোগাযোগের কথাও উল্লেখ করেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী।
নেপাল প্রসঙ্গে জয়শঙ্কর বলেন, ভারতে নেপালের বিদ্যুৎ রপ্তানি, হিমালয়ের দেশটির জন্য একটি অত্যন্ত ফলপ্রসূ লেনদেন। আন্তর্জাতিক ক্ষেত্রে ভারতের ক্রমবর্ধমান সম্পৃক্ততার কথা উল্লেখ করেন তিনি। জয়শঙ্কর আরো বলেন, প্রতিযোগিতা আছে। প্রতিযোগিতায় ভয় পাওয়া উচিত নয়। প্রতিযোগিতাকে স্বাগত জানানো প্রয়োজন। ”আর বলা উচিত যে, আমাদের প্রতিযোগিতা করার সক্ষমতা রয়েছে;„ বলেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী।
(ভোয়া ওয়েব পেজ : ৩১.০১.২০২৪ নারগীস)

## `বিএনপির কালো পতাকা মিছিল অবৈধ,: ওবায়দুল কাদের

বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন যে বিএনপির কালো পতাকা মিছিল অবৈধ। আর অনুমতি ছাড়া রাজপথে ফ্রি স্টাইল কর্মসূচি সরকার মেনে নেবে না বলেও উল্লেখ করেন তিনি। বুধবার (৩১ জানুয়ারি) দুপুরে রাজধানী ঢাকার ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে ওবায়দুল কাদের এ কথা বলেন। ”পুলিশ অনুমতি দেয়নি। অনুমতি ছাড়া ফ্রি স্টাইল কর্মসূচির সুযোগ নেই। অনুমতি নেবে না, রাস্তায় ফ্রি স্টাইল কর্মসূচি করবে, আর আমরা তা মেনে নেবো; এটা মনে করার কোনো কারণ নেই;„ উল্লেখ করেন ওবায়দুল কাদের।
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেউ ত্রুটিপূর্ণ বলেনি বলে উল্লেখ করেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক। ”নির্বাচনের ফলাফলের পর যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত পিটার হাস প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রীসহ কয়েকজন মন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেছেন;„ বলেন তিনি। সর্বশেষ সংসদ অধিবেশনে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত প্রথম থেকে শেষ পর্যন্ত উপস্থিত ছিলেন বলে উল্লেখ করেন ওবায়দুল কাদের। তিনি বলেন, ”সংসদের প্রথম অধিবেশনেও যুক্তরাষ্ট্রের উপস্থিতি লক্ষ্য করি। এর মানে কী দাঁড়ায়? আমাদের নির্বাচনকে ত্রুটিপূর্ণ বলেনি। সবাই একসঙ্গে কাজ করার আগ্রহ দেখিয়েছে।„ দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ নিয়ে ওবায়দুল কাদের বলেন, সরকার শুধু কথা নয়, কাজও করে যাচ্ছে। ”দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে দৃশ্যমান পরিকল্পনা হাতে নিয়েছে সরকার;„ জানান আওয়ামী লীগের সাধারণ সম্পাদক। তিনি আরো জানান, এ বিষয়ে প্রধানমন্ত্রী সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোকে প্রয়োজনীয় নির্দেশনা দিয়েছেন। সে অনুসারে কাজ শুরু হয়েছে। তবে রাতারাতি পণ্যমূল্য নিয়ন্ত্রণ হয়ে যাবে না বলে জানান ওবায়দুল কাদের। বলেন, যারা আইন ভঙ্গ করবে তারা যেই হোক না কেন তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।
সংরক্ষিত নারী আসনে আওয়ামী লীগের মনোনয়ন প্রসঙ্গে তিনি বলেন, পরীক্ষিত ও ত্যাগীদের গুরুত্ব ও অগ্রাধিকার দেবে আওয়ামী লীগ। সংসদের কার্যকারিতা নিয়ে জিএম কাদেরের দেয়া বক্তব্যের বিষয়ে প্রশ্ন করা হলে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, ”পার্লামেন্ট ফাংশনাল না হলে তিনি কেনো এলেন?„
(ভোয়া ওয়েব পেজ : ৩১.০১.২০২৪ নারগীস)

## বাংলাদেশ ও সৌদি আরব বিদ্যমান সম্পর্ককে উচ্চতর পর্যায়ে নিতে চায়

বাংলাদেশ ও সৌদি আরবের মধ্যে চমৎকার দ্বিপক্ষীয় সম্পর্ক বিরাজ করছে বলে উল্লেখ করেছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও সৌদি আরবের শুরা কাউন্সিলের প্রেসিডেন্ট ড. আবদুল্লাহ বিন মুহাম্মদ বিন ইব্রাহিম আল শেখ। আর এই সম্পর্ককে উচ্চতর পর্যায়ে নিয়ে যেতে চায় দুই দেশ। সৌদি আরবের শুরা কাউন্সিলের প্রেসিডেন্ট ড. আবদুল্লাহ বিন মুহাম্মদ বিন ইব্রাহিম আল শেখ বুধবার (৩১ জানুয়ারি) গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় তারা এ কথা বলেন। সাক্ষাৎ শেষে প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব কে এম শাখাওয়াত

মুন সাংবাদিকদের এ বিষয়ে অবহিত করেন। তিনি জানান যে শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশ ও সৌদি আরবের মধ্যে একটি সমৃদ্ধ ও দীর্ঘস্থায়ী ঐতিহাসিক সম্পর্ক রয়েছে। যার মূলে রয়েছে ধর্মীয়, সাংস্কৃতিক ও অর্থনৈতিক বন্ধন। শেখ হাসিনা আরো বলেছেন, বাংলাদেশি মুসলমানদের কাছে ইসলামের জন্মস্থান এবং মক্কা ও মদিনা দুটি পবিত্রতম স্থান হওয়ায় সৌদি আরব তাদের হৃদয়ে বিশেষ স্থান দখল করে আছে। হাজার হাজার বাংলাদেশি পবিত্র হজ ও ওমরাহ পালন করেন বলে উল্লেখ করেন বাংলাদেশের প্রধানমন্ত্রী। শাখাওয়াত মুন জানান, দুই পবিত্র মসজিদের হেফাজতকারী বাদশাহ সালমান বিন আবদুল আজিজ এবং সৌদি প্রধানমন্ত্রী ও ক্রাউন প্রিন্স মোহাম্মদ বিন সালমানের দূরদর্শী নেতৃত্বে বৈশ্বিক ফ্রন্টে সৌদি আরবের সাম্প্রতিক উন্নয়ন কর্মকাণ্ড, সংস্কার ও উদীয়মান ভূমিকায় সন্তোষ প্রকাশ করেছেন শেখ হাসিনা।

শেখ ড. আবদুল্লাহ বিন মুহাম্মদ প্রধানমন্ত্রীকে পুনর্নির্বাচিত হওয়ায় অভিনন্দন জানিয়েছেন বলে জানান শাখাওয়াত মুন। তিনি আরো জানান যে, ড. আবদুল্লাহ বিন মুহাম্মদ বলেছেন, সৌদি আরব সব সময় বাংলাদেশের পাশে রয়েছে এবং দুই দেশের মধ্যে ঐতিহাসিক দীর্ঘস্থায়ী সম্পর্ক রয়েছে। তিনি বাংলাদেশের অভূতপূর্ব উন্নয়নের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বের প্রশংসা করেন বলেও জানান শাখাওয়াত মুন। সৌদি আরবের শুরা কাউন্সিলের প্রেসিডেন্ট তার দেশের ক্রাউন প্রিন্স মোহাম্মদ বিন সালমান আল সৌদের শুভেচ্ছা বার্তা প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে পৌঁছে দেন। প্রিন্স মোহাম্মদ বিন সালমানের শুভেচ্ছাকে স্বাগত জানান শেখ হাসিনা। জবাবে তিনি ক্রাউন প্রিন্সকে শুভেচ্ছা জানান।

(ভোয়া ওয়েব পেজ : ৩১.০১.২০২৪ নারগীস)

## রেডিও তেহরান

### মিয়ানমারে সেনাবাহিনীর সাথে আরাকান আর্মির ছোঁড়া গুলির শব্দে আতঙ্কে সীমান্তবাসী

মিয়ানমারের রাখাইনে দেশটির সেনাবাহিনীর সঙ্গে আরাকান আর্মির তীব্র লড়াই আতঙ্ক বাড়ছে কক্সবাজার ও বান্দরবান সীমান্তে বসবাসকারীদের মাঝে। মিয়ানমার থেকে ছোঁড়া গুলির শব্দে নির্ঘুম রাত কাটছে তাদের। এদিকে সীমান্ত এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্টদের সতর্ক থাকার নির্দেশ দিয়েছেন বিজেপি মহাপরিচালক। এ সম্পর্কে প্রতিবেদন করেছেন আমাদের ঢাকার বিশেষ প্রতিনিধি:

গত এক সপ্তাহ ধরে মিয়ানমারের রাখাইনে সেনাবাহিনীর সাথে আরাকান আর্মির তীব্র লড়াইয়ে আতঙ্ক বাড়ছে কক্সবাজার ও বান্দরবান সীমান্তে বসবাসকারীদের মাঝে। মিয়ানমার থেকে ছোঁড়া গুলির শব্দে নির্ঘুম রাত কাটছে তাদের। মর্টারশেল ও বুলেট এসে আঘাত করছে বাংলাদেশের ভূখণ্ডে।

নিরাপত্তার স্বার্থে সীমান্তের শিক্ষা প্রতিষ্ঠানগুলো বন্ধ ঘোষণা করা হয়েছে। এমন পরিস্থিতিতে সীমান্ত দিয়ে নতুন করে রোহিঙ্গা অনুপ্রবেশের আশঙ্কা তৈরি হয়েছে। মায়ানমারের রাখাইনে দেশটির সামরিক জান্তা নিয়ন্ত্রিত সামরিক বাহিনী এবং সশস্ত্র বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মির মধ্যে চলমান সংঘর্ষ চলছে গত কয়েকদিন ধরেই। ফলে টেকনাফ, উখিয়া ও নাইক্ষ্যংছড়ি সীমান্তবর্তী এলাকায় বসবাসকারীদের মাঝে বিরাজ করছে চরম আতঙ্ক। গত কয়েকদিনে দফায় দফায় গুলি বর্ষণে মিয়ানমার থেকে প্রায় ১৩টি মর্টারশেল ও ১ রাউন্ড বুলেট এসে পড়ে বাংলাদেশের ভূখণ্ডে। এ ঘটনায় তাৎক্ষণিক বিজিবির পক্ষ থেকে মিয়ানমারের বর্ডার গার্ড পুলিশকে প্রতিবাদলিপি পাঠানো হয়।

টেকনাফের হোয়াইকং ইউনিয়নের উলুবুনিয়া গ্রামের সীমান্তবর্তী এই বাড়িটিতে মিয়ানমার থেকে একটি গুলি এসে পড়েছে বলে জানা গেছে। এমন পরিস্থিতিতে সীমান্তে জনচলাচলে সতর্কতা জারির পাশাপাশি বন্ধ করে দেয়া হয়েছে সীমান্তবর্তী বেশ কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠান। বসবাসকারীদের অনেকে দূর আত্মীয়ের বাসায় নিরাপদ আশ্রয় নিয়েছেন। সীমান্তে চাষাবাদ ও মাছ ধরে জীবিকা নির্বাহকারীরা পড়েছেন চরম বিপাকে। এমন উত্তেজনাকর পরিস্থিতিতে জীবনের নিরাপত্তা চায় স্থানীয়রা। গত কয়েকদিন ধরে সীমান্তে গোলাগুলিসহ বিভিন্ন বিষয় তুলে ধরেন স্থানীয় জনপ্রতিনিধি টেকনাফেরর হোয়াইক্যং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান নুর আহমদ আনোয়ারী। এমন পরিস্থিতিতে সীমান্ত এলাকা পরিদর্শন করে সকলকে পেশাদারিত্বের সাথে দায়িত্ব পালনের পাশাপাশি যে কোনো পরিস্থিতি মোকাবিলায় সর্বোচ্চ সতর্ক থাকার নির্দেশনা দিয়েছেন বিজিবি মহাপরিচালক। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ৩১.০১.২০২৪ নারগীস)

### অমর একুশে বইমেলাকে ঘিরে জঙ্গি হামলার হুমকি নেই : ডিএমপি কমিশনার

অমর একুশে বইমেলাকে ঘিরে জঙ্গি হামলার সুনির্দিষ্ট কোনো হুমকি নেই। এছাড়া আইন-শৃঙ্খলার জন্য ক্ষতিকর বা ধর্মীয় অনুভূতিতে আঘাত হানে এমন কোনো বই প্রকাশ হলে ব্যবস্থা নেয়া হবে। ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনার হাবিবুর রহমান আজ এসব কথা বলেন। বিস্তারিত জানাচ্ছেন ঢাকা থেকে আমাদের সংবাদদাতা:

অমর একুশে বইমেলাকে ঘিরে জঙ্গি হামলার সুনির্দিষ্ট কোনো হুমকি নেই বলে জানিয়েছেন ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনার হাবিবুর রহমান। আজ বুধবার সকালে রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে অমর একুশে বইমেলা-২০২৪ উপলক্ষ্যে নিরাপত্তা ব্যবস্থা পরিদর্শন শেষে সাংবাদিকদের এসব কথা বলেন তিনি। এসময় ডিএমপি কমিশনার বলেন, বইমেলাকে কেন্দ্র করে কয়েক স্তরের নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে। এছাড়াও মেলায় আইন-শৃঙ্খলার জন্য

ক্ষতিকর বা ধর্মীয় অনুভূতিতে আঘাত হানে- এমন কোনো বই প্রকাশিত হলে পুলিশ ব্যবস্থা নেবে বলেও জানান তিনি। ডিএমপি কমিশনার হাবিবুর রহমান বলেন, বইমেলায় জঙ্গি হামলার কোনো হুমকি নেই। তবে সবদিক মাথায় রেখে নিরাপত্তা ব্যবস্থা সাজানো হয়েছে। বইমেলা অসাম্প্রদায়িক আয়োজন। এই আয়োজনকে ঘিরে বিভিন্ন সময় হুমকির মুখে পড়তে হয়েছে। নাশকতা ও জঙ্গি তৎপরতার অতীত ঘটনা রয়েছে। এই বিষয়টি স্পষ্টভাবে মাথায় রেখে নিরাপত্তা পরিকল্পনা সাজিয়েছে পুলিশ। তবে বিভিন্ন সময় বেশকিছু বইয়ের বিষয়ে আপত্তি জানিয়েছে পুলিশ। এবার এ ধরনের কোনো সিদ্ধান্ত নেওয়া হবে কি না জানতে চাইলে পুলিশ কমিশনার বলেন,(স্বকণ্ঠে): "কোনো বই প্রকাশিত হয় যে সেটি আইন-শৃঙ্খলার জন্য ক্ষতিকর বা কোনো ধর্মীয় অনুভূতিতে আঘাত লাগার জন্য, সেটির জন্য অবশ্যই ঢাকা মেট্রোপলিটন পুলিশ অবশ্যই ব্যবস্থা গ্রহণ করবে। এবারের মেলাটিকে একটা নিশ্ছিদ্র নিরাপত্তা ব্যবস্থা গড়ে তোলার জন্য পুলিশের পক্ষ থেকে সার্বিক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।„ (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ৩১.০১.২০২৪ নারগীস)

## বিএনপির অভিযোগ অস্বীকার করলেন রাশিয়ার রাষ্ট্রদূত

সদ্য সমাপ্ত দ্বাদশ সংসদ নির্বাচনে রাশিয়ার ভূমিকা নিয়ে বিএনপির অভিযোগ নাকচ করলেন ঢাকায় নিযুক্ত দেশটির রাষ্ট্রদূত আলেকজান্ডার মন্টিটস্কি। আজ দুপুরে সেগুনবাগিচায় পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ-এর সঙ্গে সাক্ষাৎ শেষে গণমাধ্যম প্রতিনিধির সাথে আলাপ করেন রাষ্ট্রদূত। সংসদের বাইরে থাকা দেশের প্রধান বিরোধী দল বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায় শনিবার অভিযোগ করেন ৭ জানুয়ারির প্রশ্নবিদ্ধ নির্বাচনের মাধ্যমে গঠিত সরকার জনগণের নয়, এটি ভারত, চীন ও রাশিয়ার সরকার। তাই বিএনপি এই সরকার মানে না। রাষ্ট্রদূত মন্টিটস্কি বলেন, নির্বাচন বা বাংলাদেশের অভ্যন্তরীণ কোনো বিষয়ই হস্তক্ষেপ করেনি রাশিয়া। বিএনপির অভিযোগ সঠিক নয় বলে তিনি দাবি করেন। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ৩১.০১.২০২৪ নারগীস)

# এনএইচকে

## নোতো ভূমিকম্পে ক্ষতিওগ্রস্ত ৩০ জনেরও বেশি ঠাণ্ডায় জমে মারা গেছেন

এনএইচকে জানতে পেরেছে যে, নববর্ষের দিন আঘাত হানা শক্তিশালী ভূমিকম্পের পর ইশিকাওয়া জেলায় ঠাণ্ডায় জমে গিয়ে ৩০ জনের বেশি মানুষ মারা গেছেন। এদের অনেকেই উদ্ধারের অপেক্ষায় ছিলেন বলে ধারণা করা হচ্ছে। মঙ্গলবার পর্যন্ত জেলায় ২৩৮টি মৃত্যু নিশ্চিত করা হয়েছে। ২২২ জনের মৃত্যুর কারণ সম্পর্কে এনএইচকে জাতীয় পুলিশ এজেন্সির কাছ থেকে তথ্য সংগ্রহ করে। এদের ময়নাতদন্ত পুলিশ ইতোমধ্যে শেষ করেছে। ক্ষতিগ্রস্তদের মধ্যে ৯২ জন বা ৪১ শতাংশ চাপা পড়ে মারা গেছেন এবং অন্য ৪৯ জন বা ২২ শতাংশ মারা গেছেন শ্বাস কষ্টে ভুগে কীংবা শ্বাসযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে যাওয়ায়। ৩২ জন বা ১৪ শতাংশ দেহের তাপমাত্রা হ্রাস পাওয়া হাইপোথার্মিয়ার কারণে মারা গেছেন। ক্ষতিগ্রস্তদের মধ্যে ২০৪ জন বা ৭০ শতাংশের বেশি যাদের বয়স সম্পর্কে নিশ্চিত হওয়া গেছে, তারা হচ্ছেন ৬০ বছর কীংবা বেশি বয়সের মানুষ। জেলার কর্মকর্তারা ক্ষতিগ্রস্তদের পরিবারবর্গের সম্মতি নিয়ে মৃত্যুর কারণ প্রকাশ করেছেন। তবে এসব মৃত্যুকে বাড়ি ধসে পড়া এবং ভূমিধসের মতো সাধারণ বিভাগের অধীনে তালিকাভুক্ত করা হয়। এবারই প্রথম আরও বিস্তারিত তথ্য প্রকাশ করা হলো। (এনএইচকে ওয়েব পেজ : ৩১.০১.২০২৪ নারগীস)

# ডয়চে ভেলে

## নগদ সহায়তা হারানোর শঙ্কায় উদ্বিগ্ন পোশাক খাত

রপ্তানি খাতে নগদ সহায়তা তুলে দেয়ার আকস্মিক সিদ্ধান্তে রপ্তানির-প্রধান খাত পোশাক শিল্প সংকটে পড়বে বলে মনে করছেন মালিকরা। তারা বলছেন, তাদের সঙ্গে আলোচনা না করে এমন সিদ্ধান্ত নেয়ার পিছনে কোনো মহলের হাত থাকতে পারে। বাংলাদেশ ব্যাংক বলছে, ২০২৬ সালে বাংলাদেশ উন্নয়নশীল দেশের ক্লাবে গেলে তখন আর নগদ সহায়তা রাখার সুযোগ থাকবে না। তারই অংশ হিসেবে নগদ সহায়তা ধাপে ধাপে তুলে নেয়ার প্রক্রিয়া শুরু করা হয়েছে। বাংলাদেশের রপ্তানি আয়ের শতকরা ৮৪ ভাগ আসে পোশাক খাত থেকে। পোশাক শিল্পের মালিকরা বলছেন, তাদের সঙ্গে আলোচনা করে অগ্রাধিকারের ভিত্তিতে এটা করা যেতো। কারণ, এই সময়ে ডলার সংকটসহ নানা কারণে পোশাক খাত চাপে আছে। বাংলাদেশ ব্যাংক বাণিজ্য মন্ত্রণালয়ের এক চিঠির প্রেক্ষিতে এই সংক্রান্ত সিদ্ধান্তের কথা প্রজ্ঞাপনে বললেও বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু ডয়চে ভেলেকে বলেছেন, " নগদ সহায়তা ধীরে ধীরে কমবে। কিন্তু হঠাৎ করে একেবারে শূন্য করে দেয়ার জন্য মন্ত্রণালয় থেকে বাংলাদেশ ব্যাংককে কোনো চিঠি দেয়া হয়েছে বলে আমার জানা নাই।„ তবে বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র ও নির্বাহী পরিচালক মেজবাউল হক ডয়চে ভেলেকে জানিয়েছেন," এটা বাংলাদেশ সরকারের সিদ্ধান্ত। সরকার যেভাবে সিদ্ধান্ত নিয়েছে, বাংলাদেশ ব্যাংক সেভাবেই প্রজ্ঞাপন জারি করেছে।„ বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন অনুযায়ী, পোশাক খাতের পাঁচটি এইচএস কোডের পোশাক রপ্তানিতে আর নগদ সহায়তা পাওয়া যাবে না। পণ্যগুলো হচ্ছে নিট কাপড়ের টি-শার্ট, শার্ট, ট্রাউজার, ওভেন কাপড়ের জ্যাকেট, ব্লেজার ইত্যাদি। আর রপ্তানিমুখী দেশীয় বস্ত্র খাতে শুল্ক বন্ড ও ডিউটি ড্র-ব্যাকের পরিবর্তে বিকল্প নগদ সহায়তা চার শতাংশ থেকে কমিয়ে তিন শতাংশ করা হয়েছে। ইউরো অঞ্চলে বস্ত্র খাতের রপ্তানিকারকদের অতিরিক্ত

বিশেষ সহায়তা দুই শতাংশ থেকে কমিয়ে করা হয়েছে এক শতাংশ। পোশাক খাতের ক্ষুদ্র ও মাঝারি কারখানার রপ্তানি প্রণোদনা চার শতাংশ বহাল রয়েছে। তৈরি পোশাক খাতে নতুন পণ্য বা নতুন বাজারে চার শতাংশ থেকে কমিয়ে করা হয়েছে তিন শতাংশ। নতুন বাজার থেকে ভারত, জাপান ও অস্ট্রেলিয়াকে বাদ দেওয়া হয়েছে। এছাড়া তৈরি পোশাক রপ্তানিতে বিশেষ নগদ সহায়তা এক শতাংশ থেকে কমিয়ে ০.৫০ শতাংশ করা হয়েছে। জানুয়ারি মাস থেকেই এটা কার্যকরের কথা বলা হয়েছে। যে পাঁচ ধরনের নিট ও ওভেন পণ্য থেকে নগদ সহায়তা পুরোপুরি তুলে দেয়া হয়েছে ওই ধরনের পণ্যই রপ্তানির শীর্ষে আছে। তৈরি পোশাক শিল্পের মালিকদের সংগঠন বিজিএমইএর সহসভাপতি শহীদুল্লাহ আজিম ডয়চে ভেলেকে বলেন, ”এমনিতেই যুদ্ধের কারণে পোশাকের অর্ডার কম। আর পাঁচ-ছয় মাস আগে আমরা অর্ডার নিয়েছি। নগদ সহায়তার ওপর ভিত্তি করেই আমরা দাম নির্ধারণ করেছি। এখন সেই দাম তো আর অ্যাডজাষ্ট করা যাবে না। আমরা ক্ষতির মুখে পড়বে। আর এই সেক্টরে নতুন যারা আসতে চান তারা নিরুৎসাহিত হবেন।„ তার কথা, ”পাঁচটি আইটেমে নগদ সহায়তা পুরোপুরি তুলে দেয়া হয়েছে। কিন্তু ওই পণ্যগুলো আমাদের মূল আইটেম এবং সবচেয়ে বেশি রপ্তানি হয়। আর আমরা যে নতুন মার্কেট তৈরি করেছি, সেখানে আবার ধস নামবে। আমরা সংকটের সময় জাপান, ভারত ও অস্ট্রোলিয়ায় পোশাকের নতুন বাজার তৈরি করেছি। এই বাজার ধরে রাখা কঠিন হবে।„

তার কথা, ``গ্যাস নেই, ডলারের দাম বেশি, ফলে কাঁচামালের দাম বেড়ে গেছে। সব মিলিয়ে উৎপাদন খরচ বেড়ে গেছে। উৎপাদনও কমে গেছে। নগদ সহায়তা উঠে গেলে উৎপাদন খরচ আরো বাড়বে। তখন প্রতিযোগিতায় টেকা অনেক কঠিন হবে।„ ২০২৬ সালে নগদ সহায়তা তুলে দেয়ার বাধ্যবাধকতার ব্যাপারে তিনি বলেন, ” ২০২৬ সালে এখনো তিন বছর বাকি আছে। সেটা আমাদের সঙ্গে আলাপ-আলোচনা করে ধাপে ধাপে তোলা যেতো। কিন্তু আমাদের সঙ্গে কথা না বলে এভাবে হঠাৎ সিদ্ধান্ত নেয়ায় পোশাক খাত বিপর্যয়ের মুখে পড়বে।„ রপ্তানি উন্নয়ন ব্যুরোর হিসাব বলছে, ২০২২-২৩ অর্থবছরে পাঁচ হাজার ৫৫৬ কোটি ডলারের পণ্য রপ্তানি হয়। এই রপ্তানি তার আগের অর্থবছরের তুলনায় ৬.৬৭ শতাংশ বেশি । তবে চলতি অর্থবছরের প্রথম ভাগে প্রবৃদ্ধির গতি কমেছে। অর্থবছরে প্রথম ছয় মাসে দুই হাজার ৭৫৪ কোটি ডলারের পণ্য রপ্তানি হয়েছে। প্রবৃদ্ধি হয়েছে ০. ৮৪ শতাংশ।

বাংলাদেশ নিট পোশাক প্রস্তুত ও রপ্তানিকারকদের সংগঠন বিকেএমইএর নির্বাহী সভাপতি মো. হাতেম বলেন, ”এই সিদ্ধান্তের ফলে সবচেয়ে বেশি ক্ষতির মুখে পড়বে নিট সেক্টর এবং ব্যাকওয়ার্ড ইন্ডাষ্ট্রির স্পিনিং মিলগুলো। আমরা যে পোশাক রপ্তানি করি, তার ৫৬ শতাংশ হলো নিট পোশাক। এই খাতে পুরোই নগদ সহায়তা তুলে দেয়া হয়েছে। এটাই আমাদের মূল উদ্বেগের বিষয়। অন্যান্য পোশাক থেকে বিভিন্ন হারে কমানো হয়েছে। আমাদের মনে হচ্ছে, কোনো একটি মহল সুকৌশলে নগদ সহায়তা কমানোর কথা বলে আসলে তুলে দিয়েছে।„ তার কথা, ”আমরা এই খাতের স্টেক হোল্ডার। আমাদের সঙ্গে কথা না বলে এই সিদ্ধান্ত কীভাবে নেয়া হলো। আমাদের সঙ্গে আলাপ করে কোন খাতে কীভাবে পর্যায়ক্রমে নগদ সহায়তা ২০২৬ সালের মধ্যে তুলে নেয়া হবে সেই সিদ্ধান্ত নেয়া যেতো। সেটা সহনীয় হতো। আমরাও প্রস্তুতি নিতে পারতাম। কিন্তু এখন আমরা সংকটের মধ্যে পড়ে গেছি।„ তিনি বলেন, ``আমরা সরকারের কাছে প্রণোদনার সাড়ে পাঁচ হাজার কোটি টাকা পাওনা আছি। রাশিয়া-ইউক্রেন যুদ্ধ, ইসরাইল-হামাস সংকট, লোহিত সাগরে বাণিজ্যিক জাহাজে হুতিদের হামলা- এইসব কারণে বস্ত্রখাতে অর্ডার ৬০ ভাগ কমে গেছে। আর এখন নগদ সহায়তার ব্যাপারে এই সিদ্ধান্তের ফলে রপ্তানি আরো কমে যাওয়ার আশঙ্কা আছে। উৎপাদন কমে যাবে। আর ২০২৩-২৪ অর্থ বছরের জন্য আগেই আমাদের প্রণোদনা ঘোষণা করা হয়। এখন যদি জানুয়ারি থেকে সেটা বাদ দেয়া হয়, তাহলে আমরা পোশাকের দাম কীভাবে নতুন করে ঠিক করবে?„ তাদের সঙ্গে কোনো ধরনের আলাপ-আলোচনা বা প্রস্তুতির সুযোগ না দিয়ে এই সিদ্ধান্ত নেয়া হয়েছে দাবি করে তিনি বলেন, ``এর ফলে পোশাক কর্মীদের মজুরিসহ আরো অনেক সুবিধা অনিশ্চয়তার মুখে পড়বে। অনেকে চাকরি হারাতে পারেন। কারণ, প্রণোদনার অর্থ দিয়ে তাদের বেতন দেয়া হয়।„

বাংলাদেশ জাতীয় গার্মেন্টস শ্রমিক লীগের সভাপতি সিরাজুল ইসলাম রনি বলেন, ``পোশাক শিল্পে উৎপাদন কমে যাওয়ায় অনেক কারখানায় এখন ওভারটাইম নাই। ফলে শ্রমিকরা ক্ষতিগ্রস্ত হচ্ছেন। নতুন মজুরি কাঠামো কিছু কারখানায় এখনো বাস্তবায়ন হয়নি। আমরা চাই সরকার যে সিদ্ধান্তই নিক তা যেন শ্রমিকদের কল্যাণে হয়। শ্রমিকদের জন্য সরাসরি স্বল্পমূল্যে রেশন চালু এখন জরুরি।„ সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি)-র গবেষণা পরিচালক অর্থনীতিবিদ ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম  বলেন, ”প্রণোদনা তুলে দেয়া ভালো না খারাপ এই বিতর্কের এখন আর আমাদের সুযোগ নেই। আমাদের আইনি কাঠামোর দিক দিয়ে চিন্তা করতে হবে। এগুলো তুলে দিতে হবে। না দিলে ২০২৬ সালে আমাদের বিশ্ব বাণিজ্য সংস্থার নীতি অনুযায়ী শাস্তির মুখে পড়তে হবে। তাই এই কাজে সবার সহযোগিতা প্রয়োজন।„ তার কথা, ``বাংলাদেশ ব্যাংক বলেছে একবারে নয়, ধাপে ধাপে তুলে দেয়া হচ্ছে। আমার বিবেচনায় অপেক্ষাকৃত ক্ষুদ্র ও মাঝারি শিল্পের জন্য এটা যতদিন বেশি রাখা যায়, সেটা করা উচিত। পোশাক খাত এরই মধ্যে প্রতিযোগিতার সক্ষমতা অর্জন করেছে। আর নগদ সহায়তার ব্যাপারে একটি মধ্যস্বত্বভোগী শ্রেণির উদ্ভব হয়েছে, যারা এখান থেকে টাকাটা নিয়ে নেয়। ফলে এটা পর্যায়ক্রমে তুলে নিলে পোশাক খাতে বড় কোনো নেতিবাচক প্রভাব পড়বে

বলে মনে হয় না।„ তিনি আরেক প্রশ্নের জবাবে বলেন, ``বাংলাদেশ যে স্বল্পোন্নত দেশ থেকে বেরিয়ে ২০২৬ সালে উন্নয়নশীল দেশের কাতারে যাবে, এটা নিয়ে গত পাঁচ বছর ধরে বিভিন্ন পর্যায়ের স্টেক হোল্ডারদের সঙ্গে সরকার কথা বলেছে। কী করতে যাচ্ছে তার পরিকল্পনাও প্রকাশ হয়েছে। পোশাক শিল্পের মালিকরাও সেটা জানেন, তাদের প্রস্তুতিও আছে। কেউ যদি বলেন জানেন না সেটা ঠিক নয়।„

বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু বলেন, ``নগদ সহায়তা তো ধীরে ধীরে কমাতে হবে। ২০২৬ সালের মধ্যে তুলে দিতে হবে। তবে এইভাবে হঠাৎ করে শূন্য করে দেয়ার ব্যাপারে আমার জানা মতে বাণিজ্য মন্ত্রণালয় কোনো সিদ্ধান্ত নেয়নি। বাংলাদেশ ব্যাংককে কোনো চিঠিও আমরা দেইনি। বৃহস্পতিবার আমাদের কী পরিকল্পনা তা পুরো জানাতে পারবে।„ সব রপ্তানি খাতেই নগদ সহায়তা কমানোর কথা জানিয়েছে বাংলাদেশ ব্যাংক। তাতে প্রথম দফায় সব মিলিয়ে নগদ সহায়তা গড়ে ১০ ভাগের মতো কমছে। এরমধ্যে আছে চামড়া, পাটজাত পণ্য, কৃষিপণ্য, প্রক্রিয়াজাত কৃষিপণ্য, আসবাবপত্র, প্লাস্টিক পণ্য, হিমায়িত চিংড়ি, মোটরসাইকেল, পেট বোতল ফ্লেক্স, জাহাজসহ ৩০-৩৫ ধরনের পণ্য। ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম বলেন, ”যেসব শিল্পকে এখনো প্রটেকশন দেয়া দরকার, তাদের ক্ষেত্রে যে সময় আছে সেই সময়ের মধ্যে নগদ সহায়তা যত ধীরে সম্ভব কমিয়ে প্রতিযোগিতার সক্ষমতা অর্জনে সহায়তা করা দরকার। কিন্তু শেষ পর্যন্ত প্রতিযোগিতা করেই টিকতে হবে। আর নগদ সহায়তা উঠে গেলে যাদের দরকার, সরকার তাদের কীভাবে বিকল্প সহায়তা দিতে পারে, সেটা নিয়ে ভাবা যেতে পারে।„ (ডয়চে ভেলে ওয়েব পেজ :৩১.১.২৪ রিহাব)

# রেডিও টুডে

## বাংলাদেশের নির্বাচন আবাধ ও সুষ্ঠু হয়নি বলে আবারও জানিয়েছে ওয়াশিংটন

বাংলাদেশের নির্বাচন অবাধ ও সুষ্ঠু হয়নি বলে আবারও জানিয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। একইসঙ্গে আটককৃত হাজারো বিরোধী নেতাকর্মীর স্বচ্ছ আইনি প্রক্রিয়া নিশ্চিত করার আহ্বান জানিয়েছে দেশটি। এছাড়া বিরোধীদলের সদস্য ও গণমাধ্যম কর্মী এবং সুশীল সমাজের প্রতিনিধিদের গণতান্ত্রিক প্রক্রিয়ায় অংশগ্রহণের সুযোগ করে দেয়ার আহ্বান জানিয়েছেন ওয়াশিংটন। স্থানীয় সময় মঙ্গলবার নিয়মিত সংবাদ সম্মেলনে এক সংবাদিকের প্রশ্নের জবাবে এসব কথা বলেন মার্কিন পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র ম্যাথিও মিলার। এদিনের ব্রিফিং-এ ভারতের প্রভাবের কারণে বাংলাদেশে গণতন্ত্র বিকাশের ইস্যুতে যুক্তরাষ্ট্রের পিছুহটার অভিযোগও সামনে এসেছে। তবে এ অভিযোগের বিষয়ে ব্রিফিং থেকে সরাসরি কোনো মন্তব্য করা হয়নি। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ৩১.০১.২৪ এলিনা)

## হত্যার রাজনীতি করে বিএনপি : ডক্টর হাছান মাহমুদ

আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও পররাষ্ট্রমন্ত্রী ডক্টর হাছান মাহমুদ বলেছেন, বিএনপির বড় বড় নেতারাই হচ্ছে রাজনীতির কাক। তারা হত্যার রাজনীতি করে। বুধবার সকালে ১৯৯৪ সালে আওয়ামী লীগের সাতজন নেতাকর্মীকে হত্যার স্মরণে নবাবগঞ্জ পার্ক মাঠে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। তিনি বলেন, জিয়াউর রহমান ক্ষমতার উচ্ছিষ্ট বিলিয়ে বিএনপি প্রতিষ্ঠা করেছে। হত্যার রাজনীতি থেকে তারা এখনো বের হয়ে আসতে পারিনি। তারা দেশ-বিদেশে অপপ্রচার চালাচ্ছে। পররাষ্ট্রমন্ত্রী আরো বলেন, নির্বাচনে ভরাডুবি হবে জেনে তারা নির্বাচনে অংশগ্রহণ করেনি। সরকারকে বৈধতা না দেয়ার জন্য বিদেশিদের দ্বারে দ্বারে এখন ঘুরছে।
(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ৩১.০১.২৪ এলিনা)

## প্রতিবছর তামাকজনিত বিভিন্ন রোগে মারা যায় ১ লাখ ৬১ হাজার মানুষ

বাংলাদেশে ৩ কোটি ৭৮ লাখ প্রাপ্তবয়স্ক মানুষ তামাক ব্যবহার করে। আর তামাকজনিত বিভিন্ন রোগে প্রতিবছর বাংলাদেশে প্রায় ১ লাখ ৬১ হাজার মানুষের মৃত্যু হয় বলে জানিয়েছেন ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন অফ বাংলাদেশ। সকালে জাতীয় প্রেসক্লাবে তোফাজ্জল হোসেন মানিক মিয়া হলে এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানানো হয়েছে। এতে বক্তারা বলেন, কর্মক্ষেত্রসহ পাবলিক প্লেস ও পরিবহনে পরোক্ষ ধূমপানের শিকার হন তিন কোটি ৮৪ লক্ষ প্রাপ্তবয়স্ক মানুষ। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ৩১.০১.২৪ এলিনা)

## বিশ্ব ইজতেমা ঘিরে সহিংসতার কোনো শঙ্কা নেই : খুরশীদ হোসেন

বিশ্ব ইজতেমা ঘিরে সহিংসতার শঙ্কা নেই বলে জানিয়েছেন র‍্যাবের মহাপরিচালক খুরশিদ হোসেন। বুধবার টঙ্গীর তুরাগপাড়ের ইজতেমা এলাকা পরিদর্শন শেষে ব্রিফিং-এ এ কথা বলেন তিনি। র‍্যাবের ডিজি জানান, মুসল্লিদের নিরাপত্তার সব ধরনের ব্যবস্থা নেওয়া হয়েছে। দু'টি সেক্টরে ভাগ করা হয়েছে ইজতেমা ময়দান। বিদেশি মেহমানদের নিরাপত্তায় আলাদা ব্যবস্থা নেওয়া হয়েছে। তিনি আরো বলেন হেলিকপ্টার, নৌ ও মোটরসাইকেলে টহল দেয়া হবে। নিশ্চিত করা হবে জরুরী চিকিৎসা ব্যবস্থা। ড্রোন ও সিসিটিভি ক্যামেরার মাধ্যমে চলবে নজরদারি। তুরাগ নদীর তীরে বিশ্ব ইজতেমা শুরু হতে আর মাত্র দুইদিন বাকি। আগামী ২ ফেব্রুয়ারি শুক্রবার ফজরের নামাজের পর আম-বয়ানের মাধ্যমে ইজতেমার প্রথম পর্ব শুরু হবে। আর দ্বিতীয় পর্বের ইজতেমা শুরু হবে ৯ ফেব্রুয়ারি।
(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ৩১.০১.২৪ এলিনা)

## শিশু নাঈমকে ৩০ লাখ টাকার ফিক্সড ডিপোজিট করে দেওয়ার নির্দেশ দিয়েছেন হাইকোর্ট

ওয়ার্কশপে কাজ করতে গিয়ে তিন বছর আগে হাত হারানো ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জ উপজেলার শিশু নাঈম হাসান নাদিমকে ৩০ লাখ টাকার ফিক্সড ডিপোজিট করে দিতে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। বুধবার সকালে বিচারপতি নাইমা হায়দার ও কাজী জিনাত হকের হাইকোর্ট বেঞ্চ এই আদেশ দেন। এ সময় নাঈমের পড়াশোনার খরচ বাবদ প্রতিমাসে ৭,০০০ টাকা করেও দিতে বলা হয়। রায় শেষে ১৩ বছর বয়সী শিশু নাঈমকে এজলাসে ডেকে নিজ হাতে চকলেট উপহার দেন বিচারপতি নাইমা হায়দার। পরে শিশুটিকে তিনি বলেন, প্রতিষ্ঠিত হয়ে যেন আবারও দেখা করেন তার সঙ্গে। এই সময় এজলাসে তৈরি হয় এক আবেগঘন পরিবেশ।
(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ৩১.০১.২৪ এলিনা)

## আগামীকাল শুরু হচ্ছে অমর একুশে বইমেলা-২০২৪

মহান ভাষা আন্দোলনের শহিদদের স্মৃতি স্মরণে আগামীকাল বৃহস্পতিবার থেকে শুরু হচ্ছে অমর একুশে বইমেলা ২০২৪। মেলার মূল প্রতিপাদ্য `পড় বই, গড় দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ,। ভাষার মাসের প্রথম দিন বিকাল তিনটায় বাংলা একাডেমী প্রাঙ্গণে মেলার উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সব মিলিয়ে বরাবরের মতো এবারও বাংলা অ্যাকাডেমি প্রাঙ্গণ ও সোহরাওয়ার্দী উদ্যান অংশে থাকছে মেলার আয়োজন। জানা যায়, এবারের মেলায় ৬৩৫টি প্রকাশনা প্রতিষ্ঠান বরাদ্দ পেয়েছে ৯৩৭টি ইউনিট। এবার প্রকাশনা সংস্থা বেড়েছে ৩৪টি। একাডেমিক প্রাঙ্গণে ১২০ প্রতিষ্ঠানকে ১৭৩টি ইউনিট এবং সোহরাওয়ার্দী উদ্যানে ৭৬৪ ইউনিট বরাদ্দ পেয়েছে ৫১৫ প্রতিষ্ঠান। মাসব্যাপী দেশের বৃহত্তম এবং ঐতিহাসিক অমর একুশে গ্রন্থমেলা ২০২৪-কে ঘিরে এখন নেয়া হচ্ছে একেবারেই শেষ সময়ের প্রস্তুতি।
(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ৩১.০১.২৪ এলিনা)

## শীত কিছুটা কমলেও নতুন করে দুঃসংবাদ দিয়েছে আবহাওয়া অধিদপ্তর

কুয়াশার চাদর ভেদ করে টানা ক,দিন সূর্য উঁকি দেওয়ায় দিনে শীতের অনুভূতি অনেকটাই কমে গেছে। তবে সন্ধ্যা নামতে আবারও বাড়ছে শীতের তীব্রতা। স্বস্তির খবর দেশের বেশ কিছু এলাকার উপর দিয়ে বয়ে যাওয়া শৈত্যপ্রবাহ বিদায় নিয়েছে। তবে নতুন করে দুঃসংবাদ দিয়েছে আবহাওয়া অধিদপ্তর। টানা তিনদিন দেশের বেশ কিছু অঞ্চলে ঝরছে বজ্রসহ বৃষ্টি। গত ২৪ ঘণ্টায় সাতক্ষীরায় ৩১ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে টানা তিনদিন দেশের ৮ বিভাগের বেশ কিছু এলাকায় বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এছাড়া আগামী পাঁচ দিনেও সারা দেশে বৃষ্টিপাত হতে পারে। (রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ৩১.০১.২৪ এলিনা)

## আজ ভোরে মারা গেছেন সংসদ সদস্য আবুল হাশেম খান

কুমিল্লা ৫ আসনের সাবেক সংসদ সদস্য এডভোকেট আবুল হাশেম খান মারা গেছেন। ইন্নালিল্লাহি ওয়া ইন্নালিল্লাহি রাজিউন। বুধবার ভোর পাঁচটা দশ মিনিটে রাজধানীর একটি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের নৌকা প্রতীক নিয়ে প্রতিদ্বন্দ্বিতা করে স্বতন্ত্র প্রার্থী এম এ জাহির-এর কাছে তিনি পরাজিত হন। অবশ্য ভোট গ্রহণের আগে থেকে তিনি অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি ছিলেন।
(রেডিও টুডে : ১৩৪৫ ঘ. ৩১.০১.২৪ এলিনা)

## দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেউ ত্রুটিপূর্ণ বলেনি : ওবায়দুল কাদের

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেউ ত্রুটিপূর্ণ বলেনি; খোদ মার্কিন যুক্তরাষ্ট্রও নয়। তিনি বলেছেন, নির্বাচনের ফলাফলের পর যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত পিটার হাস প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানিয়েছেন। পররাষ্ট্রমন্ত্রীসহ কয়েকজন মন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেছেন। সংসদ অধিবেশনে মার্কিন রাষ্ট্রদূত প্রথম থেকে শেষ পর্যন্ত উপস্থিত ছিলেন। বুধবার ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এসব কথা বলেন ওবায়দুল কাদের। এ সময় বিএনপির কালো পতাকা মিছিলের কর্মসূচিকে অবৈধ বলেও মন্তব্য করেন তিনি।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ৩১.০১.২০২৪ আসাদ)

## আওয়ামী মার্কা দুর্নীতি বিশ্বের আর কোথাও নেই : রিজভী

বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন, দুর্নীতি হয়ত সারা বিশ্বেই কমবেশি থাকতে পারে কিন্তু বিশ্বব্যাপী আওয়ামী মার্কা দুর্নীতির কলঙ্ক তিলক আর কোথাও আছে বলে জানা নেই। বুধবার সকালে বিএনপি'র কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। সিন্ডিকেটের ভরণপোষণ করতে রাষ্ট্রীয় কোষাগার খালি করা হয়েছে এমন অভিযোগ করে রিজভী বলেছেন, জনগণ ভোট কেন্দ্রে না যাওয়ার প্রতিশোধ নিতে সরকার গ্যাসের দাম বাড়িয়েছে। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ৩১.০১.২০২৪ আসাদ)

### স্থানীয় সরকার নির্বাচনে আওয়ামী লীগকে ওয়াক ওভার দেবে না জাতীয় পার্টি : চুন্নু

স্থানীয় সরকার নির্বাচনে আওয়ামী লীগকে একা ছেড়ে না দিয়ে দলীয় প্রতীকে জাতীয় পার্টি ভোটে লড়বে বলে জানিয়েছেন দলটির মহাসচিব মুজিবুল হক চুন্নু । বুধবার জাতীয় পার্টির চেয়ারম্যানের বনানী কার্যালয়ে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। চুন্নু আরো বলেন, আওয়ামী লীগকে স্থানীয় সরকার নির্বাচনে ওয়াক ওভার দেবে না জাতীয় পার্টি। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ৩১.০১.২০২৪ আসাদ)

### জয়পুরহাটে শিশু মোয়াজ্জেম হত্যা মামলায় ১১ জনকে মৃত্যুদণ্ড দিয়েছেন আদালত

জয়পুরহাট শহরের প্রামানিক পাড়া এলাকায় মোয়াজ্জেম হোসেন নামের এক শিশু হত্যা মামলায় এগারো জনের মৃত্যুদণ্ডের আদেশ দিয়েছেন আদালত। একই সঙ্গে তাদের প্রত্যেককে ৫০ হাজার টাকা করে জরিমানা করা হয়েছে। বুধবার জয়পুরহাটের অতিরিক্ত দায়রা জজ দ্বিতীয় আদালতের বিচারক আব্বাস উদ্দিন এই রায় ঘোষণা করেন। মামলাটিতে ২১ বছর পর রায় ঘোষণা করা হয়েছে। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ৩১.০১.২০২৪ আসাদ)

### পাকিস্তানকে ৪ উইকেটে হারিয়ে চার ম্যাচের চারটিতেই জয় বাংলাদেশি মেয়েদের

আগের ম্যাচে শ্রীলঙ্কার বিপক্ষে শ্বাসরুদ্ধকর ম্যাচে ১ রানে জিতে ত্রিদেশীয় সিরিজের ফাইনালে উঠে গেছে বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ নারী দল। যে কারণে পাকিস্তানের বিপক্ষে আজকের ম্যাচটি ছিল নিয়ম রক্ষার। তবে এই ম্যাচকে কোনোভাবেই হালকা করে দেখেনি বাংলাদেশের মেয়েরা। লড়াই করেই পাকিস্তানিদের ৪ উইকেটে হারিয়েছে সুমাইয়া আক্তারের দল। বুধবার কক্সবাজারের শেখ কামাল আন্তর্জাতিক স্টেডিয়ামে এই ম্যাচে টস জিতে ফিল্ডিংয়ের সিদ্ধান্ত নেয় বাংলাদেশ। ব্যাট করতে পাঠায় পাকিস্তানকে। ব্যাট করতে নেমে নির্ধারিত ২০ ওভারে ৫ উইকেট হারিয়ে ৯৬ রান করে পাকিস্তান। দুই টপঅর্ডার সামিয়া আফসার ৪৮ রান ও আরিশা আনসারি ২৬ রান করেন। জবাবে ব্যাট করতে নেমে অধিনায়ক সুমাইয়া আক্তারের ৪০ বলে ৩৮ রান ও আফিয়া আসিমা ইরার ২৩ বলে ১৬ রানের ইনিংসের উপর ভর করে ৪ উইকেটের জয় তুলে নেয় বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ নারী দল। বাংলাদেশের হয়ে ১৬ রানে দুই উইকেট তুলে নেন রাবেয়া খাতুন। পাকিস্তানের আনোশা নাসির শিকার করেন ৩টি উইকেট। এ নিয়ে সিরিজের ৪ ম্যাচের চারটিতেই জিতেছে বাংলাদেশ। অপরদিকে চার ম্যাচে মাত্র ১ ম্যাচ জিতে পাকিস্তান থেকে এগিয়ে থেকে ফাইনালে উঠেছে শ্রীলঙ্কাও। আগামী ২ ফেব্রুয়ারি শিরোপা জেতার লড়াইয়ে শ্রীলঙ্কার মুখোমুখি হবে বাংলাদেশের মেয়েরা।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ৩১.০১.২০২৪ আসাদ)

## জাগো এফএম

### দ্বিপাক্ষিক সম্পর্ক আরো জোরদারে আগ্রহী বাংলাদেশ-সৌদি আরব

দুই দেশের মধ্যে বিদ্যমান চমৎকার সম্পর্ক আরো উচ্চপর্যায়ে নিয়ে যেতে গভীর আগ্রহ প্রকাশ করেছে বাংলাদেশ ও সৌদি আরব। সৌদি আরবের শুরা কাউন্সিলের সভাপতি ড. আবদুল্লাহ বিন মুহাম্মদ বিন ইব্রাহিম আল শেখ প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে তারা এই আগ্রহের কথা জানান। আজ বুধবার প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে এই সৌজন্য সাক্ষাৎ হয়। সৌজন্য সাক্ষাৎ শেষে এ বিষয়ে সাংবাদিকদের ব্রিফ করেন প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব কে এম শাখাওয়াত মুন। বৈঠকে বাংলাদেশের প্রধানমন্ত্রী বলেন, 'বাংলাদেশ ও সৌদি আরবের মধ্যকার ধর্মীয়, সাংস্কৃতিক ও অর্থনৈতিক বন্ধনের মূলে রয়েছে সমৃদ্ধ ও দীর্ঘস্থায়ী ঐতিহাসিক বন্ধন।' তিনি বলেন, 'বাংলাদেশি মুসলমানদের হৃদয়ে একটি বিশেষ স্থানে রয়েছে সৌদি আরব এবং দেশটির পবিত্র স্থান মক্কা ও মদিনা। হাজার হাজার বাংলাদেশি প্রতিবছর পবিত্র হজ্জ ও ওমরাহ পালন করেন।' প্রধানমন্ত্রী দুই মসজিদের খাদেম বাদশাহ সালমান বিন আবদুল আজিজ এবং সৌদি প্রধানমন্ত্রী ও ক্রাউন প্রিন্স মোহাম্মদ বিন সালমানের দূরদর্শী নেতৃত্বে বৈশ্বিক ইস্যুতে সৌদি আরবের সাম্প্রতিক উন্নয়নমূলক কর্মকাণ্ড, সংস্কার এবং উদীয়মান ভূমিকার জন্য সন্তোষ প্রকাশ করেন। এসময় ড. আব্দুল্লাহ বিন মোহাম্মদ বিন ইব্রাহিম আল শেখ প্রধানমন্ত্রী পদে পুনরায় নির্বাচিত হওয়ায় শেখ হাসিনাকে অভিনন্দন জানান। ড. আব্দুল্লাহ বিন মোহাম্মদ বিন ইব্রাহিম আল শেখ বলেন, 'সৌদি আরব সবসময় বাংলাদেশের সঙ্গে ছিল এবং ঢাকার সঙ্গে তাদের ঐতিহাসিক দীর্ঘস্থায়ী সম্পর্ক রয়েছে।' তিনি শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বে বাংলাদেশের নজিরবিহীন উন্নয়নের জন্য ভূয়সী প্রশংসা করেন। প্রধানমন্ত্রীর নেতৃত্ব দৃষ্টান্তমূলক ও অনুকরণীয় বলেও মন্তব্য করেন তিনি। ড. আব্দুল্লাহ বিন মুহাম্মদ বিন ইব্রাহিম আল শেখ প্রধানমন্ত্রীকে যুবরাজ মোহাম্মদ বিন সালমান আল সৌদের শুভেচ্ছাও জানান। সৌদি ক্রাউন প্রিন্সের শুভেচ্ছাকে স্বাগত জানিয়ে শেখ হাসিনাও যুবরাজকে শুভেচ্ছা জানান। এ সময় উপস্থিত ছিলেন, প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ উপদেষ্টা সালমান ফজলুর রহমান, অ্যাম্বাসেডর অ্যাট লার্জ মোহাম্মদ জিয়াউদ্দিন এবং মুখ্য সচিব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া।
(জাগো এফএম : ১৭০০ ঘ. ৩১.০১.২০২৪ প্রতীক)

## বাংলাদেশে আরবি ভাষা ল্যাব স্থাপনে আগ্রহী সৌদি আরব

বাংলাদেশে আরবি ল্যাঙ্গুয়েজ ল্যাব স্থাপন করার আগ্রহ প্রকাশ করেছেন সৌদি আরবের শূরা কাউন্সিলের স্পিকার ড. আব্দুল্লাহ বিন মোহাম্মদ বিন ইব্রাহিম আল শেখ। আজ বুধবার দুপুরে জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সঙ্গে তার কার্যালয়ে বাংলাদেশে সফররত সৌদি আরবের শূরা কাউন্সিলের স্পিকার ড. আব্দুল্লাহ বিন মোহাম্মদ বিন ইব্রাহিম আল শেখের নেতৃত্বে প্রতিনিধি দলের সৌজন্য সাক্ষাৎকালে এ আগ্রহের কথা জানান। সাক্ষাৎকালে তারা দ্বিপাক্ষিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করেন। তারা দুই দেশের সংসদীয় সম্পর্ক, সংসদীয় মৈত্রী গ্রুপ, নারী ক্ষমতায়ন, ব্যবসা-বাণিজ্য, বিনিয়োগ ও উন্নয়নের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। স্পিকার শিরীন শারমিন বলেন, `দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অবাধ ও নিরপেক্ষ হয়েছে। এর ধারাবাহিকতায় সংসদ অধিবেশন শুরু হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে টানা চতুর্থবার সরকার গঠন করেছে আওয়ামী লীগ। বাংলাদেশ-সৌদি আরব সংসদীয় মৈত্রী গ্রুপ গঠনের কার্যক্রম চলমান রয়েছে।, এসময় তিনি বলেন, 'মৈত্রী গ্রুপ উভয় দেশের জনগণের মধ্যে সুসম্পর্ক বজায় রাখতে ভূমিকা রাখবে।' স্পিকার আরো বলেন, সৌদি আরব বাংলাদেশের দীর্ঘদিনের বন্ধু। সৌদি আরবের শূরা কাউন্সিলের গৃহীত বিভিন্ন পদক্ষেপের ফলে আঞ্চলিক স্থিতিশীলতা বজায় থাকায় বিশ্বে প্রশংসিত হচ্ছে।' তিনি বলেন, 'শূরা কাউন্সিলের কার্যকর ভূমিকার ফলে মুসলিম ভ্রাতৃত্ব আরো সুদৃঢ় হচ্ছে।' এসময় স্পিকার সৌদি আরবের নেতৃত্বের প্রশংসা করেন। (জাগো এফএম : ১৭০০ ঘ. ৩১.০১.২০২৪ প্রতীক)

## দ্রব্যমূল্য রাতারাতি নিয়ন্ত্রণ হবে না : সেতুমন্ত্রী

দ্রব্যমূল্য রাতারাতি নিয়ন্ত্রণ হয়ে যাবে না বলে জানিয়েছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেন, 'এ নিয়ে সরকার কাজ করছে।' আজ বুধবার দুপুরে রাজধানীর ধানমন্ডিতে আওয়ামী লীগ সভাপতির কার্যালয়ে প্রেস ব্রিফিংয়ে তিনি এ কথা বলেন। দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ নিয়ে ওবায়দুল কাদের বলেন, 'সরকার শুধু কথা নয়, কাজও করে যাচ্ছে। সরকার দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে দৃশ্যত পরিকল্পনা হাতে নিয়েছে। প্রধানমন্ত্রী প্রয়োজনীয় নির্দেশনা সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোকে দিয়েছেন। সে অনুসারে কাজ শুরু করে দিয়েছে। রাতারাতি নিয়ন্ত্রণ হয়ে যাবে না। সরকার শুধু কথা বলছে এমন নয়। সরকার অ্যাকশনে আছে।' এ বিষয়ে মন্ত্রী হুঁশিয়ারি দিয়ে বলেন, 'যারা আইন ভঙ্গ করবে তারা যেই হোক তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।' এ সময় বিএনপির প্রতি হুঁশিয়ারি উচ্চারণ করে ওবায়দুল কাদের বলেন, 'পুলিশ অনুমতি দেয়নি। অনুমতি ছাড়া ফ্রিস্টাইল কর্মসূচি নেওয়ার সুযোগ নেই। অনুমতি নেবে না, আর রাস্তায় ফ্রি স্টাইল কর্মসূচি করবে আমরা মেনে নেব, তা মনে করার কোনো কারণ নেই।
(জাগো এফএম : ১৭০০ ঘ. ৩১.০১.২০২৪ প্রতীক)

## বিএনপি-জামায়াত খুনি চক্র, তারা হত্যার রাজনীতিই করে : পররাষ্ট্রমন্ত্রী

মির্জা ফখরুলসহ আজ যারা বিএনপির বড় বড় নেতা তারা অন্য দল থেকে এসেছেন বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। হাছান মাহমুদ বলেন, 'বিএনপি-জামায়াত খুনি চক্র, তারা হত্যার রাজনীতিই করে। বিএনপির প্রতিষ্ঠা মানুষের লাশের ওপর দাঁড়িয়ে। আজ যারা বিএনপির বড় বড় নেতা তারা অন্য দল থেকে এসেছেন। রাজনীতিতেও কিছু কাক আছে। এই কাকেরাই হচ্ছে বিএনপির বড় বড় নেতা। জিয়াউর রহমান যখন উচ্ছিষ্ট জমালো, তখন এই কাকদের জমিয়ে বিএনপি প্রতিষ্ঠা করা হয়।' আজ বুধবার সকালে ১৯৯৪ সালে হত্যাকাণ্ডের শিকার আওয়ামী লীগের ৭ নেতা-কর্মীর স্মরণে নবাবগঞ্জ পার্ক মাঠে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। বিএনপির নেতা-কর্মীরা ২৮ অক্টোবর সরকার পতনের জন্য রাস্তায় নেমেছিলেন উল্লেখ করে তিনি বলেন, 'সেদিন তারা ইসরায়েলি বাহিনীর অনুকরণ করে হাসপাতালের অ্যাম্বুলেন্স জ্বালিয়ে দিয়েছেন। প্রধান বিচারপতির বাসভবনে হামলা চালিয়েছেন। পরে যখন পুলিশ প্রতিরোধ গড়ে তুলল তখন বিএনপিকে আর পাওয়া গেলো না। বিএনপির রাজনীতির তিনটি উপদান রয়েছে, তা হচ্ছে হত্যা-খুন-সন্ত্রাস, জালিয়াতি, অপপ্রচার। বিএনপি কংগ্রেসম্যানদের স্বাক্ষরও নকল করেছে। এরা শুধু খুনি রাজনৈতিক দল নয়, বিএনপি একটি জালিয়াতি দল।' আওয়ামী লীগের এ যুগ্ম সাধারণ সম্পাদক আরো বলেন, বর্তমান সরকারকে সবাই বৈধতা দিয়েছে। সংসদকেও বৈধতা দিয়েছে। বিদেশি রাষ্ট্র বাংলাদেশের পাশে আছে। তারা আমাদের উন্নয়নের সহযোগী।'
(জাগো এফএম : ১৭০০ ঘ. ৩১.০১.২০২৪ প্রতীক)

## আওয়ামী লীগ মনোনীত প্রার্থীদের স্বতন্ত্র ৬২জন সংসদ সদস্য সমর্থন দেবেন : মাহমুদ স্বপন

সংরক্ষিত নারী আসন বণ্টনের বিষয়ে ক্ষমতাসীন আওয়ামী লীগ তাদের ১৪ দলীয় শরিকদের জোটবদ্ধ করে ও স্বতন্ত্রদের সমর্থন সংক্রান্ত চিঠি নির্বাচন কমিশনে জমা দিয়েছে। আজ বুধবার আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের স্বাক্ষরিত জোটবদ্ধ হওয়া সংক্রান্ত এ চিঠি ইসি সচিবের কাছে জমা দিয়েছেন প্রতিনিধি দল। দুপুরে আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক ও দ্বাদশ সংসদের হুইপ আবু সাঈদ আল মাহমুদ স্বপনের নেতৃত্বে প্রতিনিধি দলটি ইসি সচিব মোঃ জাহাংগীর আলমের কাছে তা হস্তান্তর করেন। আওয়ামী লীগের দফতর সম্পাদক বিপ্লব বড়ুয়া

বলেন, `দ্বাদশ সংসদের সংরক্ষিত নারী আসনের নির্বাচনের বিষয়ে আমরা কাদের সঙ্গে জোটবদ্ধ হয়েছি সে বিষয়ে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক স্বাক্ষরিত পত্র নিয়ে এসেছি।, প্রতিনিধি দলের প্রধান হুইপ আবু সাঈদ আল মাহমুদ স্বপন বলেন, `আওয়ামী লীগ মনোনীত প্রার্থীদের স্বতন্ত্র ৬২ জন সংসদ সদস্য সমর্থন দেবেন। সেই সমর্থনসূচক আলাদা আলাদা চিঠি তাদের স্বাক্ষরসহ আওয়ামী লীগের মাধ্যমে সন্নিবেশিত করে ইসি সচিবের কাছে জমা দিয়েছি। কমিশন প্রয়োজনীয় পদক্ষেপ নেবে।' সংখ্যানুপাতিক পদ্ধতিতে নারী আসনের ৫০টির মধ্যে আওয়ামী লীগ ৩৮টি, জাতীয় পার্টি ২টি ও স্বতন্ত্ররা ১০টি আসন পায়। (জাগো এফএম : ১৭০০ ঘ. ৩১.০১.২০২৪ প্রতীক)

## টিআইবি ধারণা প্রকাশ করেছে, মন্তব্যের অবকাশ নেই : দুদক সচিব

ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল, টিআই-এর প্রকাশিত দুর্নীতির ধারণা সূচকের প্রতিবেদন অনুযায়ী সবচেয়ে বেশি দুর্নীতিগ্রস্ত দেশের তালিকায় দুই ধাপ অবনমন হয়ে ১০ম স্থানে অবস্থান করছে বাংলাদেশ। যদিও এ বিষয়ে মন্তব্য করার কোনো অবকাশ নেই বলে জানিয়েছেন দুর্নীতি দমন কমিশন, দুদক সচিব মোঃ মাহবুব হোসেন। আজ বুধবার বিকেলে সেগুনবাগিচায় দুদক কার্যালয়ে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। দুদক সচিব বলেন, 'টিআই দুর্নীতির ধারণা সূচক প্রণয়নের ক্ষেত্রে বিবেচ্য বিষয়সমূহের আলোকে আটটি প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদিত জরিপের ভিত্তিতে বাংলাদেশের দুর্নীতির ধারণা সূচক প্রণয়ন করেছে। তারা কোন কোন বিষয়ের ওপরে কী কী প্রক্রিয়ায় মূল্যায়ন কার্যক্রম করেছে, সেগুলো সম্পর্কে প্রতিবেদনে সুস্পষ্টভাবে কোনো কিছুর উল্লেখ নেই। সুতরাং উক্ত প্রেক্ষাপটে টিআই-এর ধারণাসূচকের বিষয়ে দুদকের পক্ষে মন্তব্য করার কোনো অবকাশ নেই।' তিনি আরো বলেন, 'দুদক-টিআইবি কেউ কারো প্রতিপক্ষ না। দুদক একটা স্বাধীন সংস্থা, আইন মোতাবেক কাজ করে। টিআইবি একটা এনজিও, তারা পারসেপশন বা ধারণা প্রকাশ করেছে। কীসের ভিত্তিতে করেছে তাও তারা বলেছে। কাজেই তাদের দুদকে ডাকার কোনো প্রয়োজন নেই। দুদক তার আইন অনুযায়ী কার্যক্রম চালিয়ে যাচ্ছে।'

(জাগো এফএম : ১৭০০ ঘ. ৩১.০১.২০২৪ প্রতীক)

## প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব হিসেবে নিয়োগ পেয়েছেন এম এম ইমরুল কায়েস

প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব হিসেবে নিয়োগ পেয়েছেন এম এম ইমরুল কায়েস। আজ বুধবার এ নিয়োগের প্রজ্ঞাপন জারি করে জনপ্রশাসন মন্ত্রণালয়। রাষ্ট্রপতির আদেশক্রমে উপসচিব আব্দুল্লাহ আরিফ মোহাম্মদ এর সই করা প্রজ্ঞাপনে আরো বলা হয়, 'একই সঙ্গে জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনে প্রথম সচিব হিসেবে তার নিয়োগের ২০২৩ সালের আদেশ বাতিল করা হয়েছে।' এর আগে ২০১৭ সালের ২২ জানুয়ারি প্রধানমন্ত্রীর সহকারী প্রেস সচিব হিসেবে নিয়োগ পান বাংলাদেশ বেতারের কর্মকর্তা এম এম ইমরুল কায়েস। বিসিএস ক্যাডারের এ কর্মকর্তা তার আগে প্রধানমন্ত্রীব কার্যালয়ের উপনিয়ন্ত্রক (মনিটরিং অফিসার) হিসেবে কর্মরত ছিলেন।

(জাগো এফএম : ১৭০০ ঘ. ৩১.০১.২০২৪ প্রতীক)

## বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে স্পিকারের শ্রদ্ধা

দ্বাদশ জাতীয় সংসদের পুনর্নির্বাচিত স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেছেন। আজ বুধবার সকালে স্পিকার শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন। এরপর সেখানে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থাকেন এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ সব শহিদদের আত্মার মাগফেরাত কামনা করেন। পরে ডেপুটি স্পিকার শামসুল হক টুকু, উপনেতা মতিয়া চৌধুরী, চিফ হুইপ নূর-ই-আলম চৌধুরী এবং সংসদ সদস্য ইকবালুর রহিম, সংসদ সদস্য আবু সাঈদ আল মাহমুদ স্বপন, সংসদ সদস্য সাইমুম সরওয়ার কমল ও জাতীয় সংসদের হুইপ নজরুল ইসলাম বাবু বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। পরে নিজ নির্বাচনি এলাকা রংপুর-৬ আসন পীরগঞ্জের আওয়ামী লীগের স্থানীয় নেতা-কর্মীদের সঙ্গে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন স্পিকার। এসময় জাতীয় সংসদ সচিবালয়ের সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

(জাগো এফএম : ১৯০০ ঘ. ৩১.০১.২০২৪ প্রতীক)

## জি এম কাদের সংসদে নিয়ম লঙ্ঘন করে কথা বলেছেন : আওয়ামী লীগ সাধারণ সম্পাদক

জাতীয় পার্টির চেয়ারম্যান জি এম কাদের জাতীয় সংসদে নিয়ম লঙ্ঘন করে কথা বলেছেন বলে দাবি করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। আজ বুধবার দুপুরে আওয়ামী লীগের সভাপতির ধানমন্ডির রাজনৈতিক কার্যালয়ে এক ব্রিফিংয়ে তিনি এ কথা বলেন। বর্তমান সংসদের ভারসাম্য রক্ষা হয়নি, জি এম কাদেরের এমন বক্তব্যের জবাবে তিনি বলেন, 'কথা তো যা বলার উনি একাই বললেন। গতকাল দেশের প্রধানমন্ত্রীও কথা বলেননি। আমরা শুধু আনুষ্ঠানিকতা করেছি। স্পিকারকে ধন্যবাদ জানানোর নামে ফ্লোর নিয়ে তিনি গতকাল যেসব কথা বলেছেন তা ঠিক হয়নি। সামনে আরো সময় ছিল তখন অনেক কথাই বলতে পারতেন। তিনি শুরুটাই এমনভাবে করলেন যে তুলকালাম কাণ্ড ঘটিয়ে ফেললেন, লম্বা একটা বক্তৃতা দিলেন। বিষয়টা হলো ধন্যবাদ জানানোর। এত লম্বা ভাষণের জন্য ওনাকে আহ্বান করা হয়নি। উনি নিয়ম লঙ্ঘন করে কথা বলেছেন। ওনার কথা

বলার সামনে যথেষ্ট সুযোগ আছে। স্বাধীনতার পর এদেশে একজন বিরোধী দলীয় নেতা ছিল, এখন তো তারাই ১১ জন।' ওবায়দুল কাদের বলেন, 'মহিলা সংরক্ষিত আসনের জন্য মনোনয়ন নেওয়ার বা চাওয়ার যে হিড়িক, সেই তুলনায় আমাদের দেওয়ার সুযোগ খুব কম। আমরা আমাদের পরীক্ষিত, ত্যাগীদের গুরুত্ব দেব। যারা দলের জন্য ত্যাগ স্বীকার করেছেন, যারা আমাদের দুঃসময়ের পরীক্ষিত কর্মী, তাদের ব্যাপারটা আমরা অগ্রাধিকার দেব।
(জাগো এফএম : ১৯০০ ঘ. ৩১.০১.২০২৪ প্রতীক)

## প্রধানমন্ত্রীর নেতৃত্বে পুলিশ জনগণের বন্ধু হিসেবে গড়ে উঠেছে : স্বরাষ্ট্রমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে পুলিশ আজ জনগণের বন্ধু হিসেবে গড়ে উঠেছে বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। আজ বুধবার বিকেলে রাজধানীর তেজগাঁওয়ের সরকারি বিজ্ঞান কলেজের শিক্ষার্থীদের মধ্যে ঢাকা মেট্রোপলিটন পুলিশের ৪৯তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত চকলেট বিতরণ উৎসবে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, 'প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আজ পুলিশ জনগণের বন্ধু হিসেবে গড়ে উঠেছে। আমরা দেখেছি কোভিডের সময় ছেলে তার মাকে হাসপাতালের বেডে ফেলে চলে গিয়েছে। পুলিশ সেই সময় মৃত মানুষদের দাফন-কাফন করেছে। এই পুলিশ সেই পুলিশ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান যে পুলিশের স্বপ্ন দেখতেন।' তিনি বলেন, 'ডিএমপির প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে আজ এ কার্যক্রম। আমি মনে করি তারা যে জনগণকে ভালোবাসে এবং ভবিষ্যৎ প্রজন্মকে ভালোবাসে ও ভবিষ্যৎ প্রজন্মকে একটি সুন্দর জায়গায় নিয়ে যেতে চায় তারই প্রতিফলন এটি। পুলিশ যে জনগণের বন্ধু তারই প্রমাণ দিচ্ছে আমাদের পুলিশ বাহিনী। যখনই প্রয়োজন হয় তখনই দেখা যায় পুলিশ বাহিনী আমাদের পাশে এসে দাঁড়িয়েছে।' (জাগো এফএম : ১৯০০ ঘ. ৩১.০১.২০২৪ প্রতীক)

## বাংলাদেশে রাশিয়ার বিনিয়োগ আগামী দিনে আরো বাড়বে : পররাষ্ট্রমন্ত্রী

বাংলাদেশ ও রাশিয়ার মধ্যে বিদ্যমান সম্পর্ক আরো শক্তিশালী ও বিস্তৃত করার বিষয়ে দেশটির রাষ্ট্রদূত আলেক্সান্ডার মান্টিটস্কির সঙ্গে আলোচনা হয়েছে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। বাংলাদেশে রাশিয়ার বিনিয়োগ আগামী দিনে আরো বাড়বে বলেও আশা প্রকাশ করেন তিনি। আজ বুধবার দুপুরে রাজধানীর সেগুনবাগিচায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে মন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন রাশিয়ার রাষ্ট্রদূত। সাক্ষাৎ শেষে সাংবাদিকদের সঙ্গে মত বিনিময়কালে ড. হাছান মাহমুদ একথা জানান। রাশিয়ার সঙ্গে বাংলাদেশের অত্যন্ত চমৎকার ও বহুমাত্রিক সম্পর্ক রয়েছে উল্লেখ করে মন্ত্রী বলেন, `রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র রাশিয়ার অর্থায়নে ও টেকনোলজিক্যাল সাপোর্টে আমরা নির্মাণ করেছি। খুব সহসা এটি উৎপাদনে যাচ্ছে। আমরা নিউক্লিয়ার নেশন হিসেবে আত্মপ্রকাশ করতে সক্ষম হয়েছি তাদের সহায়তায়।, এ সময় পররাষ্ট্রমন্ত্রী মুক্তিযুদ্ধে ও যুদ্ধপরবর্তী বাংলাদেশ পুনর্গঠনে রাশিয়ার ব্যাপক অবদানের কথা তুলে ধরেন। পররাষ্ট্রমন্ত্রী বলেন, `বাংলাদেশ থেকে রাশিয়া তৈরি পোশাক, পাটসহ নানান পণ্য আমদানি করে। বাংলাদেশও রাশিয়া থেকে গম, সারসহ বিভিন্ন পণ্য আমদানি করে। দুই দেশের বাণিজ্য আরো সম্প্রসারিত করার বিষয়ে রাশিয়ার রাষ্ট্রদূতের সঙ্গে বিস্তারিত আলোচনা হয়েছে। দুই দেশের মধ্যে তথ্যপ্রযুক্তি সংক্রান্ত একটি এমওইউ সহসা সইয়ের বিষয়েও আলোচনা হয়েছে।, (জাগো এফএম : ১৯০০ ঘ. ৩১.০১.২০২৪ প্রতীক)

## চালের মোকামে হঠাৎ হাজির খাদ্যমন্ত্রী, দুটি গুদাম সিলগালা

হঠাৎ চালের দাম বাড়ার কারণ খুঁজতে মিনিকেট চালের অন্যতম বৃহৎ মোকাম কুষ্টিয়ার খাজানগরে অভিযান চালিয়েছেন খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার। আজ বুধবার দুপুর সাড়ে ১২টার দিকে তিনি খাজানগর চালের মোকামে উপস্থিত হন। এসময় একটি মিলের গুদামে প্রায় ৪০০ টন ধানের মজুদ খুঁজে পান মন্ত্রী। সুবর্ণা অটো রাইস মিলের মালিক জিন্নাহ আলম অন্য একটি মিলের গুদামে অবৈধভাবে এ ধান মজুদ করেছিলেন। মন্ত্রীর নির্দেশে তাৎক্ষণিকভাবে গুদামটি সিলগালা করে দেওয়া হয়। এছাড়া একই ব্যক্তির মালিকানাধীন একটি আটা মিলের গুদামে ১৫০ টন গমের অবৈধ মজুদ পেয়ে সেটিও সিলগালার নির্দেশ তিনি। মন্ত্রী পর্যায়ক্রমে খাজানগর মোকামের অন্যতম মিনিকেট চাল উৎপাদনকারী প্রতিষ্ঠান দেশ এগ্রো ফুড, সুর্বণা এগ্রো, স্বর্ণা এগ্রো ফুড, আল্লার দান এগ্রো এবং রশিদ এগ্রো ফুড পরিদর্শনে যান। এসব চালকল ও এর গুদাম ঘুরে ঘুরে দেখেন। প্রায় প্রতিটি মিলেই কিছু না কিছু অসঙ্গতি খুঁজে পান তিনি। এর মধ্যে আল্লার দান এগ্রো ফুডের একটি গুদামে প্রায় ৪০০ টন ধানের মজুদ দেখতে পান খাদ্যমন্ত্রী। পরে জানা যায়, ওই ধানের মালিক সুর্বণা এগ্রো ফুডের স্বত্বাধিকারী জিন্নাহ আলম। পরে জিন্নাহ আলমের আটার মিলে প্রায় ১৫০ টন গমের মজুতও খুঁজে পান মন্ত্রী। তিনি তাৎক্ষণিকভাবে গুদাম দুটি সিলগালা করার নির্দেশ দেন। এসময় খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার গণমাধ্যম কর্মীদের জানান, 'অবৈধ মজুদসহ কেউ কোনো অনিয়ম-দুর্নীতি করছেন কি না তা খতিয়ে দেখা হচ্ছে।' (জাগো এফএম : ১৯০০ ঘ. ৩১.০১.২০২৪ প্রতীক)

## বায়ু দূষণ রোধে নির্মাণকাজে ব্যবহার হবে পরিবেশবান্ধব প্রযুক্তি : পরিবেশমন্ত্রী

বায়ু দূষণ রোধে সরকার পরিবেশবান্ধব প্রযুক্তি ব্যবহার করে সরকারি স্থাপনা নির্মাণ করবে বলে জানিয়েছেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী সাবের হোসেন চৌধুরী। তিনি বলেন, `পরিবেশবান্ধব প্রযুক্তি ও উপাদান ব্যবহার করে

সরকারি স্থাপনা নির্মিত হবে। বায়ু দূষণ নিয়ন্ত্রণ ও কৃষিজমির মূল্যবান মাটির অপচয় বন্ধ করতে সরকার এ সিদ্ধান্ত নিয়েছে। সিটি কর্পোরেশন, পৌরসভাসহ সরকারের নির্মাণ ও পূর্তকাজের সঙ্গে সংশ্লিষ্ট মন্ত্রণালয়-দফতরগুলো নির্মাণের ক্ষেত্রে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের লক্ষ্যমাত্রা অনুসরণ করে কাজ করবে।, আজ বুধবার রাজধানীর খিলগাঁওয়ের গোড়ানে শেখ রাসেল মাঠ সংলগ্ন সামাজিক অনুষ্ঠান কেন্দ্র নির্মাণের ভিত্তিপ্রস্তর স্থাপনকালে এসব কথা বলেন তিনি। সাবের হোসেন চৌধুরী বলেন, `গোড়ান সামাজিক অনুষ্ঠান কেন্দ্র নির্মাণের ফলে এলাকার মানুষের অনেক মৌলিক চাহিদা পূরণ হবে। এ কেন্দ্রটিতে তারা বিভিন্ন ধরনের সামাজিক ও সাংস্কৃতিক কার্যক্রম পরিচালনা করতে পারবেন। এছাড়া এ কেন্দ্রটি এলাকার মানুষের জন্য একটি মিলনস্থল হিসেবেও কাজ করবে।,
(জাগো এফএম : ১৯০০ ঘ. ৩১.০১.২০২৪ প্রতীক)

## চার পণ্যের শুল্ক কমাতে নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী : বাণিজ্য প্রতিমন্ত্রী

চারটি পণ্যের শুল্ক কমাতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা নির্দেশনা দিয়েছেন বলে জানিয়েছেন বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু। আজ বুধবার দুপুরে সচিবালয়ে নিজ দফতরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। তিনি বলেন, 'চারটি পণ্যের শুল্ক কমাতে নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সেগুলো হলো, চিনি, ভোজ্যতেল, খেজুর ও চাল।' এ বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, 'চালটি হচ্ছে খাদ্য অধিদফতরের। চালের বাজার, মজুদ ও বিপণনের দায়িত্ব খাদ্য অধিদফতরের।' প্রতিমন্ত্রী বলেন, দুটো পণ্যের মূল্য নির্ধারণের এখতিয়ার আমাদের আছে। একটি চিনি, অন্যটি ভোজ্যতেল। বাজারে যেসব পণ্য নিয়ে বেশি আলাপ হয়, তার মধ্যে এ দুটো। গত ২২ জানুয়ারি চিঠি দিয়ে জাতীয় রাজস্ব বোর্ডকে বলা হয়েছে, যাতে শুল্ক কমিয়ে দেওয়া হয়। এটা আমি এরইমধ্যে বলেছি। গত সোমবার মন্ত্রিসভার বৈঠকে এ নিয়ে নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী। এটা কার্যকর হলে ভোক্তা পর্যায়ে কিছুটা স্বস্তি আসবে।' (জাগো এফএম : ১৯০০ ঘ. ৩১.০১.২০২৪ প্রতীক)

## করোনায় আক্রান্ত আরো ৪২ জন, ঢাকাতেই ৪১

চলতি বছর দেশে ক্রমেই বাড়ছে করোনা ভাইরাসে আক্রান্তের সংখ্যা। গত ২৪ ঘণ্টায় নতুন করে ৪২ জনের শরীরে করোনা ভাইরাস শনাক্ত হয়েছে। তাদের মধ্যে ঢাকাতেই শনাক্ত হয়েছে ৪১ জনের। বাকি ১ জন চট্টগ্রামের। তবে এ সময়ে দেশে করোনায় কারো মৃত্যুর তথ্য জানা যায়নি। মহামারির শুরু থেকে এ পর্যন্ত দেশে করোনায় মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ২৯ হাজার ৪৮২ জনে। আর আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ২০ লাখ ৪৭ হাজার ১৫০ জনে। আজ বুধবার স্বাস্থ্য অধিদফতর থেকে পাঠানো করোনা বিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, সারাদেশে গত ২৪ ঘণ্টায় ৮৮৫টি পরীক্ষাগারে ৫৯৬টি নমুনা পরীক্ষায় ৪২ জনের করোনা শনাক্ত হয়। পরীক্ষার বিপরীতে শনাক্তের হার ৭ দশমিক শূন্য ৫ শতাংশ। মহামারির শুরু থেকে এ পর্যন্ত মোট শনাক্তের হার ১৩ দশমিক শূন্য ৮ শতাংশ। গত ২৪ ঘণ্টায় করোনা আক্রান্তদের মধ্যে থেকে সেরে উঠেছেন ১৬ জন। এ নিয়ে মোট সুস্থ রোগীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২০ লাখ ১৪ হাজার ৪২৪ জনে। সুস্থতার হার ৯৮ দশমিক ৪০ শতাংশ।
(জাগো এফএম : ১৯০০ ঘ. ৩১.০১.২০২৪ প্রতীক)

# BBC

## IMRAN KHAN GIVEN SECOND JAIL SENTENCE IN TWO DAYS

Imran Khan and his wife Bushra Bibi have been jailed for 14 years, the second sentence handed to Pakistan's former prime minister in two days. The couple were convicted of illegally profiting from state gifts - just a week before a general election in which he is barred from standing. Khan, who was ousted as PM by his opponents in 2022, is already serving a three-year jail term for corruption. He has said the numerous cases against him are political motivated. The court has also ordered the couple to pay a fine of about 1.5 billion rupees. (BBC Web Page: 31/01/24, FARUK)

## INJURED, HUNGRY AND ALONE - THE GAZAN CHILDREN ORPHANED BY WAR

Born amid the horrors of the war in Gaza, the month-old baby girl lying in an incubator has never known a parent's embrace. She was delivered by Caesarean section after her mother, Hanna, was crushed in an Israeli air strike. Hanna did not live to name her daughter. In the chaos caused by the ongoing fighting and with entire families almost wiped out, medics and rescuers often struggle to find carers for bereaved children. Children, who make up nearly half of Gaza's population of 2.3 million, have had their lives shattered by the brutal war. (BBC Web Page: 31/01/24, FARUK)

## PUTIN CHALLENGER SUBMITS BID TO RUN FOR PRESIDENT

Kremlin challenger Boris Nadezhdin says he has collected enough signatures to stand as a candidate in Russia's upcoming presidential election. The former local councilor has become known for his relatively outspoken criticism of Mr Putin and of Russia's full-scale invasion of

Ukraine. Mr Nadezhdin said he handed over more than the 1,00,000 required signatures to the electoral authorities. The electoral commission must now review his application. Current President Vladimir Putin has already registered as an independent candidate for the election in March, which will almost certainly see him win another six-year term.
(BBC Web Page: 31/01/24, FARUK)

**BRAZIL'S LULA SACKS DEPUTY INTELLIGENCE CHIEF**

Brazil's President Luiz Inacio Lula da Silva has sacked the deputy director of the national intelligence agency and four department heads. Investigations continue into claims the agency, Abin, illegally spied on ex-president Jair Bolsonaro's enemies. The deputy, Alessandro Moretti, is accused of passing information to former Abin boss Alexandre Ramagem, a politician for Mr Bolsonaro's party. Mr Bolsonaro says he and his family are being persecuted. Lula has rejected that claim, saying his government does not give orders to the federal police. (BBC Web Page: 31/01/24, FARUK)

**UN WARNING THAT GAZA AID SYSTEM COULD COLLAPSE**

Top UN officials have warned that the withdrawal of funding for its main aid agency in Gaza could lead to the "collapse of the humanitarian system". They spoke out after the US, UK and other countries halted funding over the alleged role of some UN staff in the 7 October Hamas attacks on Israel. The UN sacked several of its staff over the allegations. It said an investigation into its agency for Palestinian refugees, UNRWA, is underway. Israeli Prime Minister Benjamin Netanyahu has described UNRWA as "perforated with Hamas", saying Israel has "discovered that there were 13 UNRWA workers who actually participated, either directly or indirectly, in the 7 October massacre". (BBC Web Page: 31/01/24, FARUK)

**IRAN-BACKED GROUP SUSPENDS ATTACKS AGAINST US**

An Iran-backed Iraqi militia suspected of a drone strike in Jordan that killed three US soldiers says it has suspended operations against US forces. Kataib Hezbollah, which is part of an umbrella group that claimed Sunday's attack, said this was "to prevent embarrassment of the Iraqi government". The US defence department said: "Actions speak louder than words." US President Joe Biden meanwhile said he had decided how to respond to the attack but did not elaborate. Iran warned it would retaliate against any attack on its interests.
(BBC Web Page: 31/01/24, FARUK)

**HAITI MISSION TO GO AHEAD, SAYS KENYA'S RUTO**

A Kenyan opposition leader has accused President William Ruto of planning to defy a court ruling against the deployment of police to Haiti. Ekuru Aukot, who last week successfully challenged the planned deployment in court, says the president can only deploy the army and not the police. The court said the mission was illegal. Mr Ruto said on Tuesday the mission could go ahead as soon as next week if all the paperwork was done to satisfy the demands of the court. (BBC Web Page: 31/01/24, FARUK)

**THAI REFORMIST PARTY COULD BE DISSOLVED AFTER COURT LOSS**

The Thai pro-democracy party which won the most votes at last year's election could now be forced to dissolve after a court ruled its key policy illegal. Move Forward is not in government but its promises to campaign on changing royal defamation laws violated the constitution, a Thai court has found. Such lese majeste laws have increasingly been used to stifle political criticism, activists say. It is possible Move Forward's leader could now be banned from politics. (BBC Web Page: 31/01/24, FARUK)

**FIRST RUSSIA-UKRAINE PRISONER SWAP SINCE PLANE CRASH**

Russia and Ukraine say they have exchanged captured soldiers - the first such swap since the crash of a Russian plane that Moscow claimed had 65 prisoners of war (PoWs) on board. Russia's defence ministry says each side got 195 soldiers back. Ukraine's President Volodymyr Zelensky says 207 Ukrainian soldiers and civilians were returned on Wednesday. Kyiv has questioned Moscow's claim that Ukrainian PoWs were on board the plane that went down in Russia last week. (BBC Web Page: 31/01/24, FARUK)

**ZAMBIA BATTLES WORST CHOLERA OUTBREAK IN DECADES**

After decades of progress against cholera, the disease has seen a global upsurge since 2021. More than one million people are thought to be infected with cholera every year. Afghanistan and Syria have suffered huge outbreaks, but in 2023 over half of the countries reporting cases were from Africa. Zambia is among the latest to battle its worst outbreak in

decades and it's vaccination rollout is under pressure as stocks face increased global demand. (BBC Web Page: 31/01/24, FARUK)

**DENSE FOG DISRUPTS LIFE AND TRAVEL IN INDIA CAPITAL**

DENSE fog has caused travel chaos in India's capital Delhi, with dozens of flights and trains affected. Report say 50 flights and nearly two dozen trains have been delayed. According to the flight tracking app flightradar 24, hundreds of departing flights were delayed by 25 minutes on an average and flight arrivals were delayed by eight minutes. But passengers have been complaining of being stranded for hours at the airport. On Wednesday morning, videos and photos from different parts of Delhi and suburbs showed a blanket of fog covering many roads and obscuring buildings. The Indian Meteorological Department said the visibility had dropped to zero in several localities. (BBC Web Page: 31/01/24, FARUK)

**::THE END::**